# জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) বিস্তরণ শিক্ষক প্রশিক্ষণ ম্যানুয়াল



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) বিস্তরণ

**প্রশিক্ষণ ম্যানুয়াল**

শিক্ষকদের জন্য

আগস্ট, ২০২২

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

## ম্যানুয়াল প্রণয়নকারীবৃন্দ

১. প্রফেসর কুররাতুল আয়েন সফদার
উর্ধ্বতন বিশেষজ্ঞ, এনসিটিবি

২. জনাব মোঃ গোলাম মোস্তফা
উর্ধ্বতন বিশেষজ্ঞ, এনসিটিবি

৩. জনাব মো: আব্দুল মুমিন মোছাব্বির
উর্ধ্বতন বিশেষজ্ঞ, এনসিটিবি

৪. ড. মোহাম্মদ নূরুল বাশার
বিশেষজ্ঞ, এনসিটিবি

৫. জনাব রেজাউল করিম বয়াতী
বিশেষজ্ঞ, এনসিটিবি

৬. জনাব কেয়া বালা
বিশেষজ্ঞ, এনসিটিবি

৭. জনাব মো: ওয়াজকুরনী
গবেষণা কর্মকর্তা, এনসিটিবি

৮. জনাব মোহাম্মদ মফিজুর রহমান
গবেষণা কর্মকর্তা, এনসিটিবি

৯. জনাব আব্দুল্লাহ আল মাসুদ
গবেষণা কর্মকর্তা, এনসিটিবি

১০. জনাব মোহা: মোমিনুল হক
গবেষণা কর্মকর্তা, এনসিটিবি

১১. জনাব গাজী মোহাম্মদ নাজমুল হোসেন
গবেষণা কর্মকর্তা, এনসিটিবি

১২. জনাব মো: আবুল বাসার
গবেষণা কর্মকর্তা, এনসিটিবি

১৩. জনাব মো: সেলিম উদ্দিন
গবেষণা কর্মকর্তা, এনসিটিবি

১৪. প্রফেসর আহমদ ওবায়দুস সাত্তার
বিশেষজ্ঞ, BEDU

১৫. ড. মোহাম্মদ নুর-ই-আলম সিদ্দিকী
বিজ্ঞান বিশেষজ্ঞ, জাইকা

১৬. জনাব মোহাম্মদ কবীর হোসেন
সহযোগী অধ্যাপক ও সংযুক্ত কর্মকর্তা,
এসপায়ার টু ইনভেট(এটুআই) প্রোগ্রাম

১৭. জনাব মেহেদী হাসান
ই-লানিং প্রশিক্ষক,
এসপায়ার টু ইনভেট (এটুআই) প্রোগ্রাম

১৮. জনাব আবু বকর সিদ্দিক
ইন্সট্রাকটর (সাধারণ), পিটিআই, ঢাকা

১৯. জনাব খান মো. কামরুজ্জামান মারুফ
ইন্সট্রাকটর(সাধারণ), পিটিআই, মাগুরা

২০. জনাব জনি দাশ
ইন্সট্রাকটর(সাধারণ), পিটিআই, দিনাজপুর

২১. জনাব মো: মুশফিকুর রহমান
ইন্সট্রাকটর (সাধারণ), পিটিআই, টাঙ্গাইল

২২. জনাব ইমতিয়াজ শামিম চৌধুরী
ইন্সট্রাকটর (সাধারণ), পিটিআই, ঠাকুরগাঁও

২৩. জনাব শাহরিয়ার শফিক
ইন্সট্রাকটর (সাধারণ), পিটিআই, পিরোজপুর

২৪. জনাব অর্চনা সাহা
ইন্সট্রাকটর (সাধারণ), পিটিআই, মানিকগঞ্জ

২৫. জনাব মো: মাজহারুল ইসলাম খান
সহকারী বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ

২৬. জনাব মো: মাজহারুল হক
সহকারী বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ

২৭. জনাব মো: সাইফুল ইসলাম
সহকারী বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ

২৮. জনাব মাহমুদুল হাসান
সহকারী বিশেষজ্ঞ , নেপ, ময়মনসিংহ

২৯. জনাব হোসনে আরা বেগম
সহকারী সুপারিনটেনডেন্ট (অব:) চারুকলা,
পটিতিআই গাজীপুর

৩০. জনাব নিজাম উদ্দিন জুয়েল
প্রধান শিক্ষক
পীরপুর-২ সর: প্রাথমকি বদ্যিালয়, রায়পুরা , নরসিংদী

৩১. জনাব মো. কামরুজ্জামান
প্রধান শিক্ষক
গদিগাঁও সরকারি প্রাথমকি বদ্যিালয়, সদর, সুনামগঞ্জ।

৩২. জনাব মো. আলমগীর হোসেন হাওলাদার
প্রধান শিক্ষক
নওয়াপাড়া সর: প্রাথমকি বদ্যিালয়, সদর, বাগেরহাট

৩৩. জনাব সুমনা আফরোজ
সহকারী শিক্ষক
পলাশী সরকারি প্রাথমকি বদ্যিালয়, লালবাগ, ঢাকা

৩৪. জনাব সঞ্জীব কুমার বর্মন
সহকারী শিক্ষক
বাঁশহাটা সর: প্রাথমকি বদ্যিালয়,, সাঘাটা, গাইবান্ধা।

# প্রসঙ্গ কথা

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) বৈশ্বিক ও স্থানীয় চাহিদা, চতুর্থ শিল্পবিপ্লব, এসডিজি-২০৩০ এবং বাংলাদেশের ভিশন-২০৪১ কে সামনে রেখে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ প্রণয়ন করেছে। জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ অনুসারে প্রাথমিক স্তরের বিদ্যমান যোগ্যাতাভিত্তিক শিক্ষাক্রম পরিমার্জন করে জাতীয় শিক্ষাক্রম-২০২১ প্রণয়ন করা হয়েছে। জাতীয় শিক্ষাক্রম-২০২১ এ শিক্ষার্থীদের শিখন যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে সক্রিয়, কর্মভিত্তিক এবং অভিজ্ঞতাভিত্তিক শিখন কে গুরুত্ব দেয়া হয়েছে। পরিমার্জিত শিক্ষাক্রমের ভিত্তিতে শিক্ষার্থীদের জন্য পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকা প্রণয়নের পাশাপাশি শিক্ষার্থীদের মূল্যায়ন ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন আনা হয়েছে।
পরিমার্জিত শিক্ষাক্রম-২০২১ অনুসরণে নতুন বিষয়, পাঠ্যপুস্তকের পরিবর্তন, শিক্ষক সহায়িকায় প্রদত্ত শিখন-শেখানো পদ্ধতি এবং শিক্ষার্থীদের নতুন মূল্যায়ন পদ্ধতি মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং বিদ্যালয়ের শ্রেণি শিক্ষকদের অবগত করার জন্য শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ অতীব প্রয়োজন। শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং শিক্ষাক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য পিইডিপি-৪ এর আওতায় সকল শ্রেণি শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাবৃন্দকে শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণকালে ব্যবহারের জন্য এই প্রশিক্ষণ ম্যানুয়ালটি প্রণয়ন করা হয়েছে।

স্বল্প সময়ে দেশব্যাপী সকল শিক্ষা কর্মকর্তা ও শিক্ষকদের শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে প্রশিক্ষণ পরিকল্পনা ও বাস্তবায়ন পদ্ধতিতে এবার নতুনত্ব আনা হয়েছে। এবারই প্রথম শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণটি ব্লেন্ডেড এপ্রোচে দেয়ার পরিকল্পনা করা হয়েছে। এই প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ তাত্ত্বিক বিষয়সমূহ অনলাইনে সম্পন্ন করবেন এবং ব্যবহারিক বিষয়সমূহ মুখোমুখি প্রশিক্ষণে অনুশীলন করবেন। প্রশিক্ষণার্থীবৃন্দ শিক্ষাক্রম বিস্তরণের অনলাইন অংশ সমাপ্ত করার পর অনলাইন প্রশিক্ষণের অভিজ্ঞতা নিয়ে মুখোমুখি প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন। অর্থাৎ অনলাইন এবং মুখোমুখি প্রশিক্ষণের সাথে একটি সুস্পষ্ট সংযোগ থাকবে। মুখোমুখি প্রশিক্ষণের জন্য এই ম্যানুয়ালটিকে মোট ১২ টি অধিবেশনে সাজানো হয়েছে। উক্ত অধিবেশনসমূহে বাংলা, ইংরেজি, গণিত, প্রাথমিক বিজ্ঞান, সমাজ বিজ্ঞান, ধর্ম ও নৈতিক শিক্ষা, শিল্পকলা এবং শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষা বিষয়সমূহের শিখন-শেখানো এবং মূল্যায়ন কৌশলসমূহ হাতে-কলমে অনুশীলনের সুযোগ রাখা হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম-২০২১ বিস্তরণ প্রশিক্ষণ ম্যানুয়ালটি প্রণয়নের বিভিন্ন ধাপে এর লেখক, সম্পাদক, পরিমার্জনকারী এবং প্রকাশনায় সহায়তাকারীদের অবদান ম্যানুয়ালটিকে সমৃদ্ধ ও পরিপূর্ণ করেছে। আশা করা যায় এই ম্যানুয়ালটি অংশগ্রহণকারীদের পরিমার্জিত প্রাথমিক শিক্ষাক্রম-২০২১ সম্পর্কে সম্যক ধারণা লাভ এবং মানসম্পন্ন প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে সহায়তা করবে।

প্রফেসর মো: ফরহাদুল ইসলাম
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# সাধারণ নির্দেশনা

প্রশিক্ষণ শুরু করার আগে প্রশিক্ষকগন প্রশিক্ষণ ম্যানুয়াল ব্যবহার নির্দেশিকা ভালভাবে পড়ে প্রস্তুতি নিবেন। প্রশিক্ষণ প্রস্তুতির জন্য যে সকল বিষয় নিশ্চিত করতে হবে তা হলো:

- প্রশিক্ষণের সময়সুচির সাথে প্রশিক্ষণ ম্যানুয়ালে উল্লেখিত দিন, অধিবেশন এবং বিষয়বস্তু মিলিয়ে নিবেন।
- প্রশিক্ষণ পরিচালনার জন্য অধিবেশন পড়ে পূর্ব প্রস্তুতি নিবেন।
- ম্যানুয়ালের যে সব হ্যান্ডআউট অংশগ্রহণকারীদের দেওয়া প্রয়োজন তা পূর্বেই প্রয়োজনীয় সংখ্যক কপি করে রাখবেন।
- অধিবেশনের জন্য যে সমস্ত প্রশিক্ষণ সামগ্রীর প্রয়োজন তা পূর্বেই সংগ্রহ করে রাখবেন।
- প্রশিক্ষণ পরিচালনার জন্য যে সব পদ্ধতি ও কৌশল ব্যবহার করতে বলা হয়েছে তা যথাযথ অনুসরণ করবেন। অনলাইন প্রশিক্ষণে যে সকল কৌশলসমুহ ব্যবহার করা হয়েছে তা অধিবেশনের সংশ্লিষ্ট জায়গায় ব্যবহার করবেন।
- অংশগ্রহণকারীদেরকে দলগত কাজ দেওয়ার আগে দলগত কাজের বিষয়টি ভালভাবে বুঝিয়ে দেবেন।
- অংশগ্রহণকারীদের সাথে আলোচনা করে দলীয় কাজের সময়সীমা নির্দিষ্ট করে নিবেন তবে ম্যানুয়ালে দেওয়া সময় যতদুর সম্ভব অনুসরণ করবেন।
- অনুশীলন পাঠ/ প্রদর্শন পাঠ প্রশিক্ষণসূচি অনুযায়ী অংশগ্রহণকারীগণকে প্রথম অধিবেশনেই বুঝিয়ে দিবেন।
- প্রশিক্ষণ পরিচালনার জন্য করনীয়-বর্জনীয় ( dos and don’ts) সকলে মিলে প্রণয়ন করে পোষ্টার পেপারে প্রশিক্ষণকক্ষে টানিয়ে রাখবেন এবং মেনে চলবেন।
- প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রশিক্ষক বিকল্প উপায় সমূহ বিবেচনায় রাখবেন।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীর সামাজিক মর্যাদাবোধ সম্পর্কে সর্বদা সচেতন থাকবেন।

# সূচিপত্র

## শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ সূচি


| ক্রমিক নং | দিন | অধিবেশন | অধিবেশন শিরোনাম | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|---|
| ১ | | | প্রসঙ্গ কথা | ৪ |
| ২ | | | সাধারণ নির্দেশনা | ৫ |
| ৩ | | | শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ সূচি | ৬ |
| ৪ | দিন-০১ | অধিবেশন-১ | রেজিস্ট্রেশন, পরিচিতি ও উদ্বোধন | |
| ৫ | | অধিবেশন-২ | শিখন মূল্যায়নের ধারণা: ধরন, উদ্দেশ্য, বৈশিষ্ট্য | ৮ |
| ৬ | | অধিবেশন-৩ | মূল্যায়ন তথ্য সংরক্ষণ ও রিপোর্টিং (ধারাবাহিক ও সামষ্টিক) | ১২ |
| ৭ | | অধিবেশন-৪ | বাংলা শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | ১৫ |
| ৮ | দিন-০২ | অধিবেশন-১ | গণিত শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | ২০ |
| ৯ | | অধিবেশন-২ | ধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | ২৭ |
| ১০ | | অধিবেশন-৩ | ইংরেজি শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | ৩৬ |
| ১১ | | অধিবেশন-৪ | সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | ৪০ |
| ১২ | দিন-০৩ | অধিবেশন-১ | প্রাথমিক বিজ্ঞান শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | ৪৩ |
| ১৩ | | অধিবেশন-২ | শিল্পকলা শিক্ষাক্রম, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | ৪৯ |
| ১৪ | | অধিবেশন-৩ | শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষা  শিক্ষাক্রম, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | ৫৬ |
| ১৫ | | অধিবেশন-৪ | সমাপনী | |

| দিন | **১ম অধিবেশন ৯.০০-১০:৩০** | **১০.৩০-১১.০০** | **২য় অধিবেশন ১১.০০-১:০০** | **১:০০-২:০০** | **৩য় অধিবেশন ২:০০-৩.৩০** | **৩.৩০-৩.৪৫** | **৪র্থ অধিবেশন ৩.৪৫-৫.১৫** |
|---|---|---|---|---|---|---|---|
| ১ম দিন | রেজিস্ট্রেশন, পরিচিতি ও উদ্বোধন | | শিখন মূল্যায়নের ধারণা: ধরন, উদ্দেশ্য, বৈশিষ্ট্য | | মূল্যায়ন রেকর্ড সংরক্ষণ, শিখন অগ্রগতি প্রতিবেদন তৈরি (ধারাবাহিক ও সামষ্টিক) | | বাংলা শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ |
| ২য় দিন | গণিত শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | চা বিরতি | ধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | মধ্যাহ্ন বিরতি | ইংরেজি শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | চা বিরতি | সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ |
| ৩য় দিন | প্রাথমিক বিজ্ঞান শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | | শিল্পকলা শিক্ষাক্রম, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | | শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষা শিক্ষাক্রম, শিক্ষক সহায়িকার ধারণা এবং অনুশীলন পাঠ | | সমাপনী |

# দিন - ১
# অধিবেশন - ২
# শিখন মূল্যায়নের ধারণা
# সময়- ২ ঘণ্টা

**এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-**

- শিখন মূল্যায়নের ধারণা ব্যাখ্যা করতে পারবেন
- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের ধারণা ব্যাখ্যা করতে পারবেন।
- ধারাবাহিক মূল্যায়নের ধাপসমূহ বর্ণনা করতে পারবেন।
- মূল্যায়ন রুব্রিকস প্রণয়ন ও ব্যবহার করতে পারবেন।

**উপস্থাপন পদ্ধতি ও কৌশল:**

প্রশ্ন-উত্তর, একক কাজ, দলীয় কাজ, মার্কেট প্লেস, উপস্থাপন।

**সহায়ক সামগ্রী:**

মূল্যায়ন তথ্যপত্র, কারিকুলাম, শিক্ষক সহায়িকা, বোর্ড, মার্কার, পোস্টার পেপার/ফ্লিপচার্ট, নোটবুক, মাসকিন টেপ।

**অধিবেশনের কার্যাবলি**

**কাজ-১: শিখন মূল্যায়নের ধারণা ও প্রক্রিয়া** **সময় ২০ মিনিট**

- অধিবেশনে প্রশিক্ষণার্থীদের স্বাগত জানান এবং অধিবেশনের উদ্দেশ্য সংক্ষেপে বলুন।
- অনলাইন প্রশিক্ষণের ভিত্তিতে শিখন মূল্যায়ন বলতে প্রশিক্ষণার্থীদের ধারণা জানতে চান?
- ২/৩ জন প্রশিক্ষণার্থীর কাছ থেকে উত্তর শুনুন এবং তাদের উত্তর ঠিক আছে কিনা তা অন্য অংশগ্রহণকারীদের কাছ থেকে তা জানতে চান।
- এক্ষেত্রে শিখন মূল্যায়নের ধারণাগত কোন অস্পষ্টতা/ঘাটতি থাকলে সহায়ক তথ্যপত্র অনুযায়ী তাৎক্ষণিক ফলাবর্তনের মাধ্যমে ধারণা সুসংগঠিত করুন।

**ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের ধারণা**

- একইভাবে ধারাবাহিক ও সামষ্টিক সম্পর্কে প্রশিক্ষণার্থীদের ধারণা জানতে চান?
- বোর্ডের একদিকে ধারাবাহিক মুল্যায়ন ও অন্যদিকে সামষ্টিক মূল্যায়ন শিরোনাম লিখুন।

- ৩/৪ জন প্রশিক্ষণার্থীর কাছ থেকে উত্তর শুনুন এবং প্রশিক্ষণার্থীদের উত্তরগুলো নির্দিষ্ট শিরোনামের নিচে লিখুন।
- তাদের উত্তর ঠিক আছে কিনা তা অন্য অংশগ্রহণকারীদের কাছ থেকে যাচাই করে নিন।
- এক্ষেত্রে বিশেষ করে ধারাবাহিক মূল্যায়নে ফলাবর্তনের ভূমিকা এবং তা কীভাবে ফলাবর্তন দিতে হয় তা তুলে আনুন। প্রয়োজনে ফিডব্যাক দিন।
- সামগ্রিভাবে শিখন মূল্যায়নের ধারণাগত কোন অস্পষ্টতা/ঘাটতি থাকলে সহায়ক তথ্যপত্র অনুযায়ী তাৎক্ষণিক ফলাবর্তনের মাধ্যমে ধারণা সুসংগঠিত করুন।

**ধারাবাহিক মূল্যায়ন প্রক্রিয়া/ধাপ**

- এবার ধারাবাহিক মূল্যায়নের প্রক্রিয়া/ধাপগুলো জানতে চান।
- তাদের উত্তর শুনুন এবং অন্য প্রশিক্ষণার্থীদের মাধ্যমে ধারণা যাচাই করুন।
- পূর্বের মত ধারণাগত কোন অস্পষ্টতা/ঘাটতি থাকলে সহায়ক তথ্যপত্র অনুযায়ী তাৎক্ষণিক ফলাবর্তনের মাধ্যমে ধারণা সুসংগঠিত করুন।

**কাজ-২: শিখন মূল্যায়ন প্রক্রিয়ার সিমুলেশন** **সময় ৫৫ মিনিট**

- প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বলুন যে আমরা ফিডব্যাকসহ ধারাবাহিক মূল্যায়ন এর ধারণা এবং প্রক্রিয়া সম্পর্কে জানলাম। এবার আমরা এই প্রক্রিয়াটির একটি সিমুলেশন করবো।
- এবার অংশগ্রহণকারীদের ৪টি দলে ভাগ করুন।
- দলগুলোকে বলুন পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকা ও মূল্যায়ন তথ্যপত্র ব্যবহার করে ধারাবাহিক মূল্যায়ন প্রক্রিয়াটি সিমুলেশনের জন্য প্রস্তুত হতে। এক্ষেত্রে বিশেষ করে শিখন-শেখানো কার্যক্রমের মধ্যে ধারাবাহিক মূল্যায়ন ও ফিডব্যাক পরিচালনা প্রক্রিয়া প্রদর্শন করবে।
- দলগুলোকে প্রস্তুতির জন্য ১০ মিনিট সময় দিন।
- প্রস্তুতি শেষে প্লেনারিতে একে একে প্রতিটি দলের সিমুলেশন পরিকল্পনা শুনুন।
- যে দলটির সিমুলেশন পরিকল্পনাটি সর্বোত্তম মনে হবে এবার সে দলটিকে বলুন পুরো প্রক্রিয়াটি সিমুলেশন করে দেখাতে। অন্য সবাইকে বলুন মনোযোগ সহকারে পুরো প্রক্রিয়াটি পর্যবেক্ষোন করতে এবং রিফ্লেকশনের জন্য নোট রাখতে।

- সিমুলেশন শেষে যিনি সিমুলেশনটি পরিচালনা করেছেন প্রথমে তার রিফ্লেকশন শুনুন। কোন জায়াগায় সমস্যা/উন্নয়নের ক্ষেত্র ছিল কিনা এবং কী করলে আরও ভালো হতো সে সম্পর্কেও তার কাছে জানতে চান।
- এরপর পর্যায়ক্রমে অন্যদের রিফ্লেকশন শুনুন এবং কীভাবে আরও কার্যকর করা যেত সে সম্পর্কে তাদের মতামত জানতে চান।
- এরপর প্রশিক্ষক প্রয়োজনীয় ফিডব্যাক দিয়ে শেষ করুন।

**কাজ-৩: মূল্যায়ন রুব্রিকস প্রণয়ন ও ব্যবহার** **সময় ৪০ মিনিট**

- অংশগ্রহণকারীদের ৩টি দলে ভাগ করুন।
- এবার দলগুলোকে নিচের নমুনা তালিকার মত করে শিখনফল মুল্যায়নের জন্য একটি রুব্রিকস তৈরি করতে বলুন। ১০ মিনিট সময় দিন। (নিচের নমুনা শিখনফলগুলো প্রাথমিক শিক্ষাক্রমের বাংলা বিষয় থেকে নেয়া হয়েছে। প্রশিক্ষক চাইলে অন্য যেকোন বিষয় থেকে প্রাসঙ্গিক শিখনফল অনুশীলনের জন্য দিতে পারেন।)

| দল-১ | দল-২ | দল-৩ |
|---|---|---|
| ১৬.২.১ পাঠের অন্তর্ভূক্ত রূপকথা ও গল্পের মূলভাব বুঝে লিখতে পারবে। | ১৬.২.৪ কোন বিষয়ে নিজের অনুভূতি লিখতে পারবে। | ১৬.২.৫ সৃজনশীল রচনা লিখতে পারবে। |

- নিচের ছকগুলো সংশ্লিষ্ট দলের সকলকে সরবরাহ করুন। মূল্যায়ন বিষয়ক তথ্যপত্রের সংশ্লিষ্ট অংশ ৩ মিনিট নীরব পাঠ করার নির্দেশনা দিন। শিখনফল অনুসারে পারদর্শিতার মাত্রা চিহ্নিত করে ব্যক্তিগতভাবে নিচের শুণ্য কলামগুলো পূরণ করতে বলুন।

| দল-১ | পেরেছে | আংশিক পেরেছে | পারেনি |
|---|---|---|---|
| ১৬.২.১ পাঠের অন্তর্ভূক্ত রূপকথা ও গল্পের মূলভাব বুঝে লিখতে পারবে। | | | |

| দল-২ | পেরেছে | আংশিক পেরেছে | পারেনি |
|---|---|---|---|
| ১৬.২.৪ কোন বিষয়ে নিজের অনুভূতি লিখতে পারবে। | | | |

| দল-৩ | পেরেছে | আংশিক পেরেছে | পারেনি |
|---|---|---|---|
| ১৬.২.৫ সৃজনশীল রচনা লিখতে পারবে। | | | |

- এরপর সবাই মিলে দলে আলোচনা করে দলের জন্য সর্বোত্তমটি রুব্রিকস নির্বাচন করবেন।
- দলগুলোর কাজের সময় ঘুরে ঘুরে তাদের কাজ দেখুন এবং প্রয়োজনে তাদের সহায়তা করুন।
- দলীয় কাজ শেষে প্রত্যেকটি দলকে তাদের বিষয়বস্তু উপস্থাপন করতে বলুন।
- এরপর অন্য দলগুলোকে তাদের প্রশ্ন থাকলে কিনা। তাদের মতামত শুনুন এবং ফিডব্যাক দিয়ে সবার ধারণা স্পষ্ট করুন।

**অধিবেশনের সারসংক্ষেপ:** **সময়: ৫ মিনিট**

অধিবেশনে আলোচিত বিষয়গুলোর সারসংক্ষেপ করুন। এরপর সকলকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

# দিন - ১
# অধিবেশন - ৩
# মূল্যায়ন তথ্য সংরক্ষণ ও রিপোর্টিং
# সময়- ১.৩০ ঘণ্টা

**এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-**

- মূল্যায়ন রেকর্ড সংরক্ষণ ও প্রতিবেদন প্রণয়ন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবেন।
- শিক্ষাক্রম ২০২১ অনুযায়ী শিখন অগ্রগতি প্রতিবেদন (ধারাবাহিক ও সামষ্টিক) সংরক্ষণ ও রিপোর্টিং করতে পারবেন।

**পদ্ধতি ও কৌশল:**

প্রশ্ন-উত্তর, একক কাজ, দলীয় কাজ, উপস্থাপন ইত্যাদি।

**সহায়ক সামগ্রী:**

তথ্যপত্র, কারিকুলাম, শিক্ষক সহায়িকা, বোর্ড, মার্কার, পোস্টার পেপার/ফ্লিপচার্ট, নোটবুক, মাসকিন টেপ ইত্যাদি।

**অধিবেশনের কার্যাবলি**

**কাজ-১: মূল্যায়ন রেকর্ড সংরক্ষণ ও প্রতিবেদন প্রণয়ন প্রক্রিয়া** **সময় ১০ মিনিট**

- অনলাইন প্রশিক্ষণের ভিত্তিতে মূল্যায়ন রেকর্ড সংরক্ষণ ও প্রতিবেদন প্রণয়ন প্রক্রিয়া সম্পর্কিত প্রশিক্ষণার্থীদের ধারণা জানতে চান।
- এক্ষেত্রে বিশেষ করে মূল্যায়ন রেকর্ড সংরক্ষণ করার জন্য কি করা উচিত এবং শিখন অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন কীভাবে করতে হয় তা জানতে চাইবেন।
- ৩/৪ জন প্রশিক্ষণার্থীর কাছ থেকে তাদের উত্তর শুনুন এবং অন্যদের মাধ্যমে তা যাচাই করে নিন।
- প্রশিক্ষক প্রয়োজনীয় ফিডব্যাক দিয়ে ধারণাগত কোন ঘাটতি/অস্পষ্টতা থাকলে তা পুনর্গঠন করুন।

**কাজ-২: শিক্ষাক্রম ২০২১ অনুযায়ী শিখন অগ্রগতি প্রতিবেদন তৈরি** **সময় ১ঘন্টা ১৫ মিনিট**

- প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্য প্রশ্ন করুন – একজন অভিভাবক হিসেবে আপনার সন্তানের মূল্যায়ন প্রতিবেদন আপনি কতখানি বস্তুনিষ্ঠ দেখতে চান?

- এরপর প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন তথ্যপত্রের সংশ্লিষ্ট মূল্যায়ন ছকসমূহ ৫ মিনিট নীরব পাঠ করতে দিন।
- ৫ মিনিট পরে তাদেরকে জিজ্ঞেস করুন এক্ষেত্রে কারও কোন অস্পষ্টতা আছে কিনা বা কোন প্রশ্ন আছে কিনা? থাকলে, আলোচনার মাধ্যমে তাদের ধারণা সুস্পষ্ট করুন।

## মূল্যায়ন ছক পূরণ

- সবাইকে ধারাবাহিক মূল্যায়ন ছক ও পরে সামষ্টিক মূল্যায়ন ছক (ডামি ডাটা ব্যবহার করে) পূরণ করতে দিন।
- এবার অংশগ্রহণকারীদের ৫ জন করে নিয়ে দল গঠন করুন এবং দলে আলোচনার মাধ্যমে এই ছক পূরণ সংশ্লিষ্ট কোন প্রশ্ন থাকলে, কোন অস্পষ্টতা থাকলে বা কোন সমস্যা থাকলে তা আলোচনা করে লিখতে বলুন।
- দলগুলোকে জিজ্ঞেস করুন তাদের মূল্যায়ন ছক পূরণ সংশ্লিষ্ট কোন প্রশ্ন, অস্পষ্টতা বা সমস্যা রয়েছে কিনা। প্রত্যেক দলের কথা শুনুন এবং প্রয়োজনীয় ফিডব্যাক দিয়ে তাদের ধারণা স্পষ্ট করুন। এখানে উল্লেখ করুন যে একই ধরনের শিখনফল মূল্যায়নের ক্ষেত্রে মূল্যায়নের ধরনভেদে মূল্যায়ন ছকে কোন পরিবর্তন হবে না। তাই একই ধরনের ধারাবাহিক মূল্যায়নের জন্য যে ছকগুলো ব্যবহার করা হবে, সামষ্টিক মূল্যায়নের জন্যও একই মূল্যায়ন ছক ব্যবহার করা হবে।

## শিক্ষক ডায়েরি ছক পূরণ

- এরপর শিক্ষক ডায়েরি ১ ও শিক্ষক ডায়েরি ২ একইভাবে প্রথমে প্রত্যেক অংশগ্রহণকারী ভালোভাবে দেখবেন। এক্ষেত্রে কারও কোন প্রশ্ন থাকলে তা জিজ্ঞেস করে ধারণা স্পষ্ট করতে বলুন।
- এবার পুর্বে পূরণকৃত মূল্যায়ন ছকের তথ্য (ডামি ডাটা) ব্যবহার করে প্রথমে শিক্ষক ডায়েরি ১ পূরণ করতে বলুন। পুরণ করতে গিয়ে কারও কোন প্রশ্ন/অস্পষ্টতা থাকলে ফিডব্যাক প্রদানের মাধ্যমে স্পষ্ট করতে বলুন।
- একইভাবে শিক্ষক ডায়েরি ২ পূরণ করতে বলুন। পুরণ করতে গিয়ে কারও কোন প্রশ্ন/অস্পষ্টতা থাকলে ফিডব্যাক প্রদানের মাধ্যমে স্পষ্ট করতে বলুন।

**অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন**

- অংশগ্রহণকারীদের ৫ জন করে দলে ভাগ করুন। এবার দলের সদস্যরা মিলে ডায়েরি ১ ও ডায়েরি ২ এ পূরণকৃত তথ্য ব্যবহার করে অগ্রগতি প্রতিবেদন তৈরি করার ব্যাপারে আলোচনা করবেন। এজন্য ১০ মিনিট সময় দিন।
- দলের প্রত্যেক সদস্যকে একজন করে শিক্ষার্থীর অগ্রগতি প্রতিবেদন তৈরি করতে বলুন। এক্ষেত্রে প্রত্যেকে ভিন্ন ভিন্ন শিক্ষার্থীর প্রতিবেদন তৈরি করবেন, একই শিক্ষার্থী হবে না।
- প্রতিবেদন তৈরি হয়ে গেলে দলের সবাই মিলে আলোচনা করে দল থেকে ১ জনকে নির্বাচন করবে এটি উপস্থাপনের জন্য। এরপর এই পুরো প্রক্রিয়াটি কীভাবে সম্পন্ন হলো (মূল্যায়ন ছক পূরণ - শিক্ষক ডায়েরি পূরণ - অগ্রগতি প্রতিবেদন তৈরি) তা উপস্থাপনের জন্য ফ্লো-চার্ট/ফ্লো-ডায়াগ্রাম ব্যবহার করে একটি পোস্টার পেপার তৈরি করতে বলুন।
- দলীয় কাজের সময় ঘুরে ঘুরে তাদের কাজ পর্যবেক্ষণ করুন এবং প্রয়োজনীয় ফিডব্যাক দিয়ে সহায়তা করুন।
- পোস্টার পেপার তৈরি হয়ে গেলে প্রত্যেক দলের নির্বাচিত সদস্য মূল্যায়ন তথ্য সরক্ষণ থেকে অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন পর্যন্ত পুরো প্রক্রিয়াটি ব্যাখ্যা করবেন। এসময় প্রয়োজনে তার হাতে মূল্যায়ন ছক, শিক্ষক ডায়েরি এবং অগ্রগতি প্রতিবেদনও দেখাবেন।
- এক্ষেত্রে অন্য দলের সদস্যদের কোন প্রশ্ন থাকলে বা উপস্থাপিত বিষয়ে কোন অস্পষ্টতা/ঘাটতি থাকলে প্রয়োজনীয় ফিডব্যাক প্রদানের মাধ্যমে তাদের ধারণা স্পষ্ট করুন।

**অধিবেশনের সারসংক্ষেপ:** **সময়: ৫ মিনিট**

অধিবেশনে আলোচিত বিষয়গুলোর সারসংক্ষেপ করুন। এরপর সকলকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

# দিন-১

## অধিবেশন -৪

## বাংলা শিক্ষাক্রম ও শিখন সামগ্রী পরিচিতি

## সময়- ১.৩০ ঘণ্টা

**এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-**

- বাংলা বিষয়ের অর্জনোপযোগী যোগ্যতা থেকে বিষয়বস্তু পর্যন্ত শিক্ষাক্রমের ক্রমধারা ব্যাখ্যা করতে পারবেন।
- বাংলা বিষয়ের পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকা ব্যবহার করে পাঠের প্রস্তুতি গ্রহণ করতে পারবেন।
- বাংলা বিষয়ের পাঠ পরিচালনার ধাপসমূহ অনুসরণ করে পাঠ উপস্থাপন করতে পারবেন।

**পদ্ধতি ও কৌশল:** প্রশ্নোত্তর, দলগত কাজ, উপস্থাপন, প্রদর্শন, আলোচনা

**সহায়ক সামগ্রী:** বাংলা পাঠ্যপুস্তক, বাংলা শিক্ষাক্রম, বাংলা শিক্ষক সহায়িকা, রঙিন কাগজ, মার্কার, কাঁচি, স্কস্টেপ, পুশপিন বোর্ড, পুশপিন, আঠা, বর্ণ কার্ড ইত্যাদি

**অধিবেশনের কার্যাবলি**

**কাজ-১: বাংলা বিষয়ের আবশ্যকীয় শিখনক্রম বিশ্লেষণ** **সময়: ২৫ মিনিট**

- অনলাইন প্রশিক্ষণে অর্জিত জ্ঞান বিভিন্ন প্রশ্নের মাধ্যমে যাচাই করা হবে। প্রয়োজনে ফিডব্যাক ও পুনরালোচনা করা হবে।
- অংশগ্রহণকারীদের ৫টি দলে ভাগ করবেন।
- প্রত্যেক দলে বাংলা শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক ও কর্মপত্র সরবরাহ করবেন।
- তথ্যপত্রে দলগত কাজ করার নির্দেশনা দিবেন।
- প্রত্যেক দলকে পৃথক পৃথক বিষয়বস্তু নির্ধারণ করে দিবেন। প্রত্যেক দলকে বিষয়বস্তু থেকে ক্রমান্বয়ে উপরের দিকে বিষয়ভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা পর্যন্ত শনাক্ত করতে দিবেন।

| কর্মপত্র | | | |
|---|---|---|---|
| **বিষয়বস্তু** | **শিখনফল** | **শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা** | **বিষয়ভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা** |
| | | | |

- দলগত কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে প্রত্যেক দলকে ২ মিনিট করে উপস্থাপন করতে দিবেন। একটি দলের উপস্থাপনে এই দলের শনাক্ত করা বিষয়বস্তু ঠিক আছে কিনা অন্যদের জিজ্ঞাসা করবেন। কয়েকজনের মতামত গ্রহণ করবেন।
- সকলকে ধন্যবাদ জানিয়ে এই কাজটি শেষ করবেন।

**কাজ-২: পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকা ব্যবহার করে একটি পাঠের প্রস্তুতি গ্রহণ সময়: ৩০ মিনিট**

- প্রত্যেক দলে পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকা, উপকরণ তৈরির সারঞ্জাম, মার্কার ইত্যাদি সরবরাহ করবেন।
- ৫ দলে ৫টি আলাদা পাঠ নির্ধারণ করে দিবেন।
- পাঠ নির্ধারণের সময় সবাইকে বলে দিবেন যেন সবাই পাঠ উপস্থাপনার জন্য প্রস্তুতি গ্রহণ করেন।
- সবাইকে সংশ্লিষ্ট পাঠটি শিক্ষক সহায়িকা থেকে বের করতে বলবেন। সবাই যথাযথভাবে বের করতে পারলো কী না খেয়াল করবেন।
- শিক্ষক সহায়িকার সংশ্লিষ্ট পাঠটি উপস্থাপনার জন্য প্রস্তুতি নিতে বলবেন; এক্ষেত্রে প্রয়োজনীয় উপকরণ কী লাগবে তা তৈরি বা সংগ্রহ করতে বলবেন।
- দলগত কাজ শেষ হলে, প্রত্যেক দলকে ২ মিনিট করে উপস্থাপন করতে দিবেন। (১৫ মিনিটের একটি পাঠে তাঁরা কী কী এক্টিভিটি ও মূল্যায়ন কৌশল প্রয়োগ করবেন তার বর্ণনা করতে বলবেন)।
- অন্যদের আলোচনার সুযোগ দিবেন।

**কাজ-৩: পাঠ উপস্থাপন সময়: ৩০মিনিট**

(প্রস্তুতি নেয়া বিষয়ের উপর ১৫ মিনিটের একটি শ্রেণি কার্যক্রম পরিচালনা)

- ৫টি দল থেকে লটারির মাধ্যমে উপস্থাপক দল নির্বাচন করবেন।
- একটি পূর্ণ পাঠের সকল ধাপসমূহ সংক্ষেপে ১৫ মিনিটে উপস্থাপন করতে বলবেন।

- কয়েকজনকে পাঠ উপস্থাপন পর্যবেক্ষণ (নির্ধারিত ছকে) করতে বলবেন আর কয়েকজনকে শিক্ষার্থীর ভূমিকা পালনের নির্দেশনা দিবেন।
- পাঠ উপস্থাপন শেষে প্রথমে পাঠ উপস্থাপনকারী শিক্ষককে তাঁর নিজের পাঠের উপর অভিমত ব্যক্ত করতে বলবেন। এরপর পর্যবেক্ষকগণকে তাদের মতামত ব্যক্ত করতে বলবেন এবং প্রয়োজনীয় ফলাবর্তন দিতে বলবেন।
- সবাইকে ধন্যবাদ দিয়ে কাজটি সমাপ্ত করবেন।

**মূল্যায়ন ও ফলাবর্তন:**

প্রশিক্ষক অধিবেশন চলাকালীন প্রতিটি ধাপে অংশগ্রহণকারীদের কাজের মূল্যায়ন করবেন এবং প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**অধিবেশনের সারসংক্ষেপ:** **সময়: ০৫ মিনিট**

আজকের অধিবেশন সংশ্লিষ্ট কয়েকটি প্রশ্নের মাধ্যমে অংশগ্রহণকারীগণের অর্জন যাচাই করবেন এবং দৈবচয়নের ভিত্তিতে কয়েকজনকে নিম্নরূপ প্রশ্ন করে অধিবেশনের সারসংক্ষেপ করবেন-

- বাংলা বিষয়ের আবশ্যকীয় শিখনক্রমের বৈশিষ্ট্য কী?
- বাংলা বিষয়ের বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য কী?
- বাংলা শিখন-শেখানো কার্যক্রম পরিচালনায় কয়েকটি পদ্ধতি/ কৌশলের নাম বলুন।

সবাইকে ধন্যবাদ দিয়ে অধিবেশন সমাপ্ত করবেন।

## সহায়ক তথ্য-১
## পাঠ পর্যবেক্ষণ ছক

**বিষয়: বাংলা**
**শ্রেণি: প্রথম**

নির্দেশকগুলোর পাশে উল্লিখিত ঘরে কাজের মাত্রা অনুযায়ী টিক চিহ্ন দিন। প্রয়োজনে অতিরিক্ত কাগজের ব্যবহার করুন।

| ধাপ | ক্র.নং | কাজ | মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | হ্যাঁ | আংশিক | না |
| প্রস্তুতি | ১ | শিক্ষক সহায়িকা অনুসরণে পাঠ পরিকল্পনা/লেসন নোট তৈরি করেছেন | | | |
| | ২ | পাঠ পরিচালনার জন্য প্রয়োজনীয় উপকরণ নিয়ে শ্রেণিকক্ষে প্রবেশ করেছেন | | | |
| | ৩ | আনন্দদায়ক কাজের মাধ্যমে শ্রেণিকক্ষে শিখন উপযোগী সাবলীল পরিবেশ তৈরি করেছেন | | | |
| উপস্থাপন ও অনুশীলন | ৪ | পাঠ সংশ্লিষ্ট পূর্বজ্ঞান যাচাইয়ে সংশ্লিষ্ট প্রশ্ন করেছেন বা ছবি/ভিডিও চিত্র প্রদর্শন করেছেন | | | |
| | ৫ | পাঠ সংশ্লিষ্ট উপকরণ ব্যবহার করে সহজবোধ্য ভাষায় পাঠ উপস্থাপন করেছেন | | | |
| | ৬ | শিক্ষক পাঠের শিরোনাম ঘোষণা করে বোর্ডে লিখে দিয়েছেন | | | |
| | ৭ | চিন্তা করে প্রশ্নের উত্তর দানের জন্য শিক্ষার্থীদের প্রয়োজনীয় সময় দিয়েছেন | | | |
| | ৮ | পাঠের ধরণ অনুযায়ী শিক্ষার্থীদের কাজ ( দলীয়, জোড়া, একক) করতে দিয়েছেন | | | |
| | ৯ | দলের কাজ মনিটরিং করছেন এবং প্রয়োজনীয় সহায়তা দিয়েছেন | | | |
| | ১০ | দলের কাজ শ্রেণির সকলের উদ্দেশ্যে উপস্থাপন করতে দিয়েছেন | | | |
| পর্যবেক্ষণ ও মূল্যায়ন | ১১ | প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়ন করেছেন | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ১২ | মূল্যায়ন চেকলিষ্ট ব্যবহার করে শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট বিষয়জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ মূল্যায়ন করেছেন | | | |
| | ১৩ | শিক্ষার্থীদের পারগতার মাত্রা অনুযায়ী ফলাবর্তন প্রদান করে পুন: মূল্যায়ন করেছেন | | | |
| | ১৪ | শিক্ষার্থীদের মূল্যায়ন করে তার রেকর্ড সংরক্ষণ করেছেন | | | |
| সারসংক্ষেপকরণ | ১৫ | পাঠ থেকে শিক্ষার্থীরা কী কী শিখেছে তা বলতে দিয়ে পাঠের সারসংক্ষেপ করেছেন | | | |
| সার্বিক মন্তব্য | | | | | |

পর্যবেক্ষকের নাম, পদবী

স্বাক্ষর ও তারিখ

# দিন-২

# অধিবেশন -১

# প্রাথমিক গণিত শিক্ষাক্রম ও শিখন সামগ্রী পরিচিতি

# সময়: ১.৩০ ঘণ্টা

**এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-**

- প্রাথমিক গণিত আবশ্যকীয় শিক্ষাক্রম ব্যাখ্যা করতে পারবেন।
- প্রাথমিক গণিত শিক্ষাক্রম ব্যাখ্যা করতে পারবেন।
- প্রাথমিক গণিত পাঠ্যপুস্তকের ও শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবেন
- প্রাথমিক গণিত শিক্ষক সহায়িকার কাঠামো বলতে পারবেন।
- প্রাথমিক গণিত শিক্ষক সহায়িকায় বর্ণিত পাঠ অনুসরণ করে পাঠ প্রদর্শন করতে পারবে।

**পদ্ধতি ও কৌশল: মাইন্ড ম্যাপিং,** জোড়ায় কাজ, দলগত কাজ, মাল্টি মিডিয়ায় তথ্য প্রদর্শন, পাঠ প্রদর্শন, পর্যবেক্ষণ ও পর্যালোচনা, প্রশ্নোত্তর-আলোচনা।

**সহায়ক সামগ্রী:** প্রাথমিক গণিতের পরিমার্জিত আবশ্যকীয় শিখনক্রম, বিস্তৃত শিক্ষাক্রম, প্রাথমিক গণিত পাঠ্যপুস্তক, প্রাথমিক গণিত শিক্ষক সহায়িকা, পর্যবেক্ষণ চেকলিষ্ট, পোস্টার পেপার, হোয়াইট বোর্ড, মার্কার পেন, ডাস্টার, ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, নির্দেশক কাঠি ইত্যাদি।

**অধিবেশনের কার্যাবলি:**

**কাজ-১: প্রাথমিক গণিতের আবশ্যকীয় শিখনক্রম ও বিস্তৃত শিক্ষাক্রম পরিচিতি** **সময়: ১০ মিনিট**

- একটি সৃজনশীল কাজ/ কলাকৌশল এর মাধ্যমে অংশগ্রহণকারীগণের জড়তামুক্ত করে অধিবেশনের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি করবেন।
- সহায়ক নিশ্চিত হবেন যে, সকল অংশগ্রহণকারীগণের কাছে প্রাথমিক গণিত বিষয়ের পরিমার্জিত আবশ্যকীয় শিখনক্রম ও বিস্তুত শিক্ষাক্রম রয়েছে।
- আংশগ্রহণকারীগণকে অনলাইন প্রশিক্ষণ থেকে প্রাপ্ত প্রাথমিক গণিত বিষয়ের পরিমার্জিত আবশ্যকীয় শিখনক্রম ও বিস্তুত শিক্ষাক্রম সংশ্লিষ্ট ধারণা স্মরণ করতে বলবেন। ধারাবাহিকভাবে নিম্নের বিষয়গুলো

বোর্ডে লিখবেন এবং অংশগ্রহণকারীগণকে আবশ্যকীয় শিখনক্রম ও বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা ব্যক্ত করতে দিবেন।

- শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা
- বিস্তুত শিখনক্রম

- অংশগ্রহণকারীদের জোড়ায় আলোচনা করে একজনের খাতায় উত্তর লিখতে বলবেন। প্রত্যেক জোড়া থেকে উত্তর নিয়ে বোর্ডে মাইন্ড ম্যাপ তৈরি করবেন।
- আলোচনা ও প্রয়োজনীয় স্লাইড প্রদর্শনের মাধ্যমে আবশ্যকীয় শিখনক্রম ও বিস্তৃত শিক্ষাক্রমের ধারণা স্পষ্ট করবেন।

**কাজ-২: পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবেন** **সময়: ২০ মিনিট**

- অংশগ্রহণকারীদের ৬টি দলে ভাগ করবেন।
- দ্বৈব-চয়নের মাধ্যমে ৩টি দলকে পাঠ্যপুস্তক এবং ৩টি দলকে শিক্ষক সহায়িকা সরবরাহ করুন। প্রত্যেক দলে পোস্টার পেপার ও সাইন পেন সরবরাহ করবেন।
- দলে আলোচনা করে ৩টি দলকে পাঠ্যপুস্তকের এবং অপর ৩টি দলকে শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য আলোচনা করে পোস্টার পেপারে লিখতে বলবেন। ১০ মিনিটের মধ্যে দলের কাজ শেষ করার জন্য নির্দেশনা দিবেন।
- দ্বৈব-চয়নের মাধ্যমে প্রথমে একটি দলকে পাঠ্যপুস্তকের এবং পরে একটি দলকে শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য উপস্থাপন করতে দিবেন। একই বিষয়ের উপর কাজ করা অন্যান্য দলকে তাদের কাজ মিলিয়ে নিতে সহায়তা করবেন। অন্যান্য দলের ভিন্নরকম কোনো বৈশিষ্ট্য থাকলে তা উপস্থাপন করতে দিবেন।
- আলোচনায় অংশগ্রহণের সুযোগ দিয়ে অংশগ্রহণকারীগণের ধারণা সুস্পষ্ট করবেন এবং প্রয়োজনে পওয়ারপয়েন্ট স্লাইডে পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য উপস্থাপন করবেন।

**কাজ-৩: পাঠের প্রস্তুতি গ্রহণ করা** **সময়: ২০ মিনিট**

- অংশগ্রহণকারীগণকে ৫টি ছোট দলে ভাগ করবেন। দলে প্রাথমিক গণিত বিষয়ের পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকা সরবরাহ করবেন। দলে আলোচনা করে একটি করে পাঠ নির্বাচন করতে বলবেন।

- নির্বাচিত পাঠটি শিক্ষক সহায়িকার পাঠপরিকল্পনা মাফিক পরিচালনার জন্য প্রস্তুতি নিতে বলবেন। অংশগ্রহণকারীগণকে বলবেন যে, প্রত্যেক দল থেকে একজন শিক্ষক হবেন এবং পাঠটি প্রদর্শনের জন্য সময় পাবেন ২০ মিনিট।
- শিক্ষক সহায়িকায় ব্যবহৃত পাঠ উপস্থাপনের বিভিন্ন কৌশল সম্পর্কে আলোচনা করে প্রস্তুতি গ্রহণ করতে সহায়তা করবেন।
- শিক্ষক সহায়িকার আলোকে উপকরণ তৈরি করতে বলবেন।

**কাজ-৪: প্রদর্শন পাঠ পরিচালনা করা** **সময়: ২০ মিনিট**

- দৈবচয়ন/ লটারীর মাধ্যমে যে কোনো একটি দলকে পাঠ উপস্থাপন করতে দিবেন।
- দলের অন্যান্য অংশগ্রহণকারীগণকে শিক্ষার্থী এবং পাশাপাশি পর্যবেক্ষক হিসেবে কাজ করতে বলবেন।
- পাঠোন্নয়নের পরামর্শ প্রদান করার জন্য পর্যবেক্ষণের সময় পর্যবেক্ষণ চেকলিষ্ট পূরণ করতে ও প্রয়োজনীয় নোট করতে সহায়তা করবেন।

**কাজ-৫: শিখন-শেখানোর মানোন্নয়নের জন্য কার্যকরভাবে ফলাবর্তন প্রদান করতে পারবেন** **সময়: ১৫মিনিট**

- ফলাবর্তন আলোচনার জন্য সহায়ক পরিবেশ তৈরি করবেন। অংশগ্রহণকারীগণের উদ্দেশ্যে বলবেন যে, আমরা শিক্ষক কী কী ভুল করেছেন তা আলোচনা করব না বরং শিক্ষকের উন্নয়নের ক্ষেত্রগুলো চিহ্নিত করে তা শিক্ষক সংস্করণ এবং শিক্ষাক্রমের আলোকে কীভাবে উন্নয়ন করা যায় তা নিয়ে আলোচনা করব।
- পাঠদানকারী শিক্ষককে সামনে ডেকে প্রথমে পাঠ সম্পর্কে তার প্রতিফলন বলতে দিবেন। তারপর চেকলিষ্ট অনুয়ায়ী যা শিক্ষক তার প্রতিফলনে উল্লেখ করেননি এরূপ বিষয়গুলো আলোচনা করবেন এবং উন্নয়নের জন্য পরামর্শ দিবেন। এক্ষেত্রে আলোচনায় অংশগ্রহণ করার জন্য শিক্ষগণকে হাত তুলতে উৎসাহিত করবেন।
- এভাবে পর পর অন্যান্য পাঠদানকারী শিক্ষকের পাঠ আলোচনা করে ফলাবর্তন আলোচনা শেষ করবেন।
- আলোচনায় অংশগ্রহণ করার জন্য সকলকে ধন্যবাদ দিয়ে পরবর্তী কার্যক্রম শুরু করবেন।

**মূল্যায়ন ও সারসংক্ষেপ:** **সময়: ৫মিনিট**

**সহায়কের করণীয়**

- অংশগ্রহণকারীগণের উদ্দেশ্যে প্রশ্ন করুন-

  এই অধিবেশন থেকে আমরা কী শিখলাম?

অংশগ্রহণকারীগণকে স্বাধীনভাবে উত্তরদানে উদ্বুদ্ধ করুন। প্রয়োজনে দ্বৈব-চয়নের মাধ্যমে কয়েকজনকে নিম্নরূপ প্রশ্ন করে অধিবেশনের সারসংক্ষেপ করুন-

  - বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য কী?
  - প্রাথমিক গণিত পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য কী?
  - শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য কী?

আধিবেশনে সক্রিয় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ দিয়ে সমাপ্ত করুন।

## সহায়ক তথ্য-১

**প্রথম শ্রেণির গণিত পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্যসমূহ:**

- বিষয়বস্তু উপস্থাপনে কথোপকথনভিত্তিক কৌশল ব্যবহার করা হয়েছে।
- মূলপ্রশ্ন, কাজ ও অনুশীলনের জন্য ভিন্ন ভিন্ন প্রতীক ব্যবহার করা হয়েছে।
- শিক্ষার্থীদের জন্য পর্যাপ্ত পরিমাণ পরিকল্পিত কাজ ও অনুশীলনের ব্যবস্থা রাখা হয়েছে।
- রঙ্গিন ও আকর্ষণীয় চিত্র/ছবি ব্যবহার করে বিষয়বস্তু উপস্থাপন করা হয়েছে।
- শিক্ষার্থীদের চিন্তা এবং কাজের মাধ্যমে শেখার সুযোগ রাখা হয়েছে।
- শিক্ষার্থীদের পরিচিত পরিবেশের চিত্র ব্যবহার করা হয়েছে।
- শিক্ষার্থীদের জন্য শ্রেণি উপযোগী সহজ ভাষা ব্যবহার করা হয়েছে।
- গাণিতিক খেলা ও ধাঁ ধাঁ ব্যবহার করে গণিত শিখন আনন্দদায়ক করার ব্যবস্থা রাখা হয়েছে।

সহায়ক তথ্য-২

## সহায়ক তথ্য-২

### প্রাথমিক গণিত: শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য:

- এখানে শিখন-শেখানো কৌশলগুলো দেওয়া থাকে।
- পাঠ সংশ্লিষ্ট উপকরণ উল্লেখ করা থাকে।
- মূল্যায়ন চেকলিস্ট দেয়া আছে।
- প্রতিটি পাঠের শুরুতে পাঠ সংশ্লিষ্ট বিষয়বস্তু শিখনফল ও শিখন শেখানো কার্যাবলি দেওয়া আছে।
- প্রয়োজনে কর্মপত্র ব্যবহার করা হয়েছে।
- শিক্ষক সহায়িকায় প্রতিটি অধ্যায়কে একাধিক পাঠে বিভাজন করা হয়েছে।
- নির্ধারত অর্জন উপযোগী যোগ্যপতা ও শিখনফলের ভিত্তিতে প্রতিটি পাঠের শিক্ষা উপকরণ, পাঠের বিষয়বস্তু, শিখন-শেখানো কার্যাবলী, পরিকল্পিত কাজ, উপস্থাপন ও আলোচনা, ধারাবাহিক মূল্যায়নের নির্দেশনা ও মূল্যায়ন চেকলিস্ট সংযোজন করা হয়েছে।
- শিখন-শেখানো কার্যক্রমকে অন্তর্ভুক্তিমূলক করার লক্ষ্যে শিক্ষার্থীর বয়স, সামর্থ্য, চাহিদা, মানসিক, ভাষাগত বৈচিত্র্য বিবেচনায় যথাসম্ভব শিক্ষার্থী কেন্দ্রিক পদ্ধতি ও কৌশলঅনুসরণ করা হয়েছে।
- পাঠে দুর্বল শিক্ষার্থীদের জন্য নিরাময়মূলক কৌশল গ্রহণের সুযোগ রাখা হয়েছে।
- পাঠে সংশ্লিষ্ট পদ্ধতি ও কৌশল সঠিকভাবে প্রয়োগের জন্য সময় বিভাজন করা হয়েছে।
- শিক্ষক সহায়িকার শিখন-শেখানো কৌশলের পাশাপাশি প্রয়োজনে শিক্ষকের নিজস্ব সময় বিভাজন, পদ্ধতি ও কৌশল, শিখন শেখানো কার্যাবলী প্রভৃতি সমন্বয় করার সুযোগ আছে।

## সহায়ক তথ্য-৩
## পাঠ পর্যবেক্ষণ ছক
### বিষয়: প্রাথমিক গণিত
### শ্রেণি: প্রথম

নির্দেশকগুলোর পাশে উল্লিখিত ঘরে কাজের মাত্রা অনুযায়ী টিক চিহ্ন দিন। প্রয়োজনে অতিরিক্ত কাগজের ব্যবহার করুন।

| ধাপ | ক্র.নং | কাজ | মাত্রা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | হ্যাঁ | আংশিক | না | |
| প্রস্তুতি ও পূর্বজ্ঞান যাচাই | ১. | শ্রেণিকক্ষে শিক্ষক সহায়িকা অনুযায়ী পাঠ উপস্থাপনের জন্য প্রয়োজনীয় উপকরণ ও সহায়ক সামগ্রী আছে | | | | |
| | ২. | শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করছেন | | | | |
| | ৩. | পরিকল্পনা মাফিক শিখন-শেখানো কার্যাবলি পরিচালনার জন্য আসন ব্যবস্থাপনা নিশ্চিত করেছেন | | | | |
| | ৪. | আনন্দদায়ক কোনো কাজের মাধ্যমে শ্রেণিকক্ষে শিখন উপযোগী সাবলীল পরিবেশ তৈরি করছেন | | | | |
| | ৫. | পাঠ সংশ্লিষ্ট পূর্বজ্ঞান যাচাই ও পাঠের প্রতি মনোযোগ আকর্ষণের ছবি/ভিডিও চিত্র প্রদর্শন করছেন এবং সংশ্লিষ্ট প্রশ্ন করছেন | | | | |
| | ৬. | প্রশ্নের উত্তর দানের জন্য প্রয়োজনীয় সময় দিচ্ছেন | | | | |
| উপস্থাপন ও অনুশীলন | ৭. | শিক্ষক পাঠের শিরোনাম ঘোষণা করে বোর্ডে লিখে দিচ্ছেন | | | | |
| | ৮. | পাঠ সংশ্লিষ্ট মূল প্রশ্ন উপস্থাপন করছেন এবং প্রশ্ন বোর্ডে লিখে শিক্ষার্থীদের বুঝতে সহায়তা করছেন | | | | |
| | ৯. | চিন্তা করে প্রশ্নের উত্তর দানের জন্য শিক্ষার্থীদের প্রয়োজনীয় সময় দিচ্ছেন | | | | |
| | ১০. | শিক্ষার্থীদের জোড়ায় কাজ করতে দিচ্ছেন | | | | |
| | ১১. | প্রত্যেক জোড়ার কাজ শ্রেণির সকলের উদ্দেশ্যে বিনিময় করতে সহায়তা করছেন | | | | |
| | ১২. | শিক্ষার্থীদের দলে কাজ করতে দিচ্ছেন | | | | |
| | ১৩. | দলের কাজ মনিটরিং করছেন এবং প্রয়োজনীয় সহায়তা দিচ্ছেন | | | | |
| | ১৪. | দলের কাজ শ্রেণির সকলের উদ্দেশ্যে বিনিময় করতে দিচ্ছেন | | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ১৫. | শিক্ষার্থীদের দলের/জোড়ার কাজের উপর মতবিনিময় করতে সহায়তা করছেন | | | | |
| | ১৬ | পরিকল্পিতভাবে বোর্ড ব্যবহার করছেন এবং শিক্ষার্থীদের বোর্ড ব্যবহারে সম্পৃক্ত করছেন | | | | |
| পর্যবেক্ষণ ও মূল্যায়ন | ১৭. | শিক্ষার্থীদের প্রতিটি কাজ পর্যবেক্ষন করছেন | | | | |
| | ১৮. | প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়ন করছেন | | | | |
| | ১৯. | মূল্যায়ন চেকলিষ্ট ব্যবহার করে শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট বিষয়জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ মূল্যায়ন করছেন | | | | |
| | ২০. | শিক্ষার্থীদের পারগতার মাত্রা অনুযায়ী ফলাবর্তন প্রদান করছেন | | | | |
| | ২১. | শিক্ষার্থীদের মূল্যায়ন করে তার রেকর্ড সংরক্ষণ করছেন | | | | |
| সারসংক্ষেপকরণ | ২২. | পাঠ থেকে শিক্ষার্থীরা কী কী শিখেছে তা বলতে দিয়ে পাঠের সারসংক্ষেপ করছেন | | | | |
| | ২৩. | পরবর্তী পাঠে কী শিখবে তার ঘোষণা দিয়ে পাঠ সমাপ্ত করছেন। | | | | |

পর্যবেক্ষকের নাম, পদবী

স্বাক্ষর ও তারিখ

❖

# দিন-২

## অধিবেশন -২

## প্রাথমিক স্তরের ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের শিক্ষাক্রম ও শিখন সামগ্রী পরিচিতি

## সময়- ২ ঘণ্টা

**এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-**

- ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের আবশ্যকীয় শিখনক্রম ও বিস্তৃত শিক্ষাক্রমের ধারণা ব্যক্ত করতে পারবেন
- ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য বলতে পারবেন
- শিক্ষক সহায়িকায় বর্ণিত পাঠ পরিকল্পনা অনুসারে পাঠ প্রদর্শন করতে পারবেন
- শিক্ষক সহায়িকা অনুযায়ী শিখন-শেখানোর মানোন্নয়নের জন্য কার্যকর পর্যবেক্ষণ ও ফলাবর্তন প্রদান করতে পারবেন

**পদ্ধতি ও কৌশল:** প্রশ্নোত্তর-আলোচনা, একক কাজ, জোড়ায় কাজ, দলগত কাজ, প্রদর্শন পাঠ ও পর্যালোচনা,

**সহায়ক সামগ্রী:** প্রাথমিক স্তরের ধর্ম ও নৈতিক শিক্ষার আবশ্যকীয় শিখনক্রম**,** বিস্তৃত শিক্ষাক্রম, শিক্ষক সহায়িকা, তথ্যপত্র, পর্যবেক্ষণ চেকলিস্ট, পোস্টার পেপার, ম্যাগাজিন, মার্কার, হোয়াইট বোর্ড, ডাস্টার, মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, নির্দেশিকা কাঠি, পুশপিন বোর্ড, পুশপিন ইত্যাদি।

**অধিবেশনের কার্যাবলি**

**কাজ-১: ধর্ম ও নৈতিক শিক্ষা: আবশ্যকীয় শিখনক্রম, বিস্তৃত শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকার ধারণা সময়: ২০ মি.**

**সহায়কের করণীয়**

- অংশগ্রহণকারীগণের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক একটি কাজের মাধ্যমে অধিবেশনের সূচনা করবেন।
- নিশ্চিত হবেন যে, সকল অংশগ্রহণকারীগণের কাছে প্রাথমিক স্তরের ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের আবশ্যকীয় শিখনক্রম, বিস্তৃত শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকা রয়েছে।
- অংশগ্রহণকারীগণকে অনলাইন প্রশিক্ষণ থেকে প্রাপ্ত ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের আবশ্যকীয় শিখনক্রম, বিস্তৃত শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকা সংশ্লিষ্ট ধারণা স্মরণ করতে বলবেন।

- ধারাবাহিকভাবে নিম্নের বিষয়গুলো বোর্ডে লিখবেন এবং অংশগ্রহণকারীগণকে আবশ্যকীয় শিখনক্রম ও বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য এবং শিক্ষক সহায়িকার কাঠামো ও বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা ব্যক্ত করতে দিবেন।
  - শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা
  - বিস্তৃত শিখনক্রম
  - শিক্ষক সহায়িকা
- প্রয়োজনে উল্লিখিত বিষয়সমূহ পাওয়ারপয়েন্ট স্লাইডে উপস্থাপন করবেন এবং অংশগ্রহণকারীগণকে প্রশ্ন করতে উদ্বুদ্ধ করবেন।
- আলোচনার মাধ্যমে সকলকে একমত হতে এবং সকলের ধারণা সুস্পষ্ট করতে সহায়তা করবেন।

**কাজ-২: শিক্ষক সহায়িকার আলোকে পাঠ প্রদর্শনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা সময়: ১৫ মিনিট**

**সহায়কের করণীয়**

- অংশগ্রহণকারীগণকে ৪টি দলে ভাগ করবেন। দ্বৈব-চয়নের মাধ্যমে ৪টি দলকে ৪টি ধর্মের বিষয় নির্ধারণ করে দিবেন। দলে আলোচনা করে সংশ্লিষ্ট বিষয়ের একটি করে পাঠ নির্বাচন করতে বলবেন।
- অংশগ্রহণকারীগণকে বলবেন যে, নির্বাচিত পাঠটি শিক্ষক সহায়িকার পাঠপরিকল্পনা অনুযায়ী পরিচালনার জন্য প্রস্তুতি নিতে হবে। প্রত্যেক দল থেকে একজন শিক্ষক হবেন বাকিরা শিক্ষার্থীর ভূমিকা পালন করবেন এবং পাঠটি প্রদর্শনের জন্য সময় পাবেন ১৫ মিনিট।
- প্রদর্শন পাঠ উপস্থাপনের সহায়ক উপকরণ তৈরির জন্য প্রয়োজনীয় সামগ্রী (পোস্টার, মার্কার, ছবির পেপার, কাচি) ইত্যাদি সরবরাহ করবেন।
- প্রদর্শন পাঠের সময় ৪টি দলের মধ্যে এক দলের একজন শিক্ষক হবেন এবং ঐ দলসহ আরেকটি দল অর্থাৎ মোট অংশগ্রহণকারীর মধ্যে অর্ধেক শিক্ষার্থী হিসেবে থাকবেন। বাকি অর্ধেক অর্থাৎ অন্য দুই দল পর্যবেক্ষকের ভূমিকা পালন করবেন। পর্যবেক্ষক দল পরবর্তীতে পাঠোন্নয়নের পরামর্শ প্রদান করার জন্য সরবরাহকৃত পাঠ পর্যবেক্ষণ ছক পূরণ করবেন ও প্রয়োজনীয় নোট নিবেন।
- সকল অংশগ্রহণকারীর মাঝে পাঠ পর্যবেক্ষণ ছক সরবরাহ করবেন।

**কাজ-৩: শিক্ষক সহায়িকার আলোকে পাঠ প্রদর্শন, পর্যবেক্ষণ ও ফলাবর্তন প্রদান করা ৮০ মিনিট**

**সহায়কের করণীয়**

- নির্দেশনা অনুযায়ী প্রতিটি দল পাঠ প্রদর্শনের জন্য প্রস্তুত হয়েছে কি না তা নিশ্চিত হয়ে নিবেন।
- যে দলের কাজ আগে শেষ হবে সেই দলকে পাঠ উপস্থাপনের জন্য আহবান জানাবেন এবং আরেকটি দলকে এই দলের সাথে শিক্ষার্থী হিসেবে ভূমিকা পালন করতে বলবেন। প্রত্যেক দল পাঠ উপস্থাপনের জন্য ২০ মিনিট সময় পাবেন।
- অপর দুই দলকে পর্যবেক্ষণ ছক পূরণ করার জন্য প্রস্তুতি নিতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রদর্শন পাঠদানকারী শিক্ষকসহ সকলকে ধন্যবাদ দিবেন এবং ফলাবর্তন আলোচনার জন্য সহায়ক পরিবেশ তৈরি করবেন। অংশগ্রহণকারীগণের উদ্দেশ্যে বলবেন যে, এই পাঠটির উন্নয়নের ক্ষেত্রগুলো চিহ্নিত করে শিক্ষক সহায়িকার আলোকে কীভাবে আরও ভালো করা যায় তা নিয়ে আলোচনা করব।
- পাঠদানকারী শিক্ষককে সামনে ডেকে প্রথমে পাঠ সম্পর্কে তার প্রতিফলন বলতে দিবেন। তারপর পর্যবেক্ষণ ছক অনুয়ায়ী যা শিক্ষক তার প্রতিফলনে উল্লেখ করেননি এরূপ বিষয়গুলো আলোচনা করবেন এবং উন্নয়নের জন্য পরামর্শ দিবেন। এক্ষেত্রে আলোচনায় অংশগ্রহণ করার জন্য শিক্ষকগণকে হাত তুলতে উৎসাহিত করবেন।
- একইভাবে পর পর অন্য দলগুলোর পাঠ প্রদর্শন, পাঠদানকারী শিক্ষকের প্রতিফলন আলোচনা এবং পর্যবেক্ষক দলের পর্যালোচনা করে ফলাবর্তন আলোচনা শেষ করবেন।
- আলোচনায় অংশগ্রহণ করার জন্য সকলকে ধন্যবাদ দিয়ে পরবর্তী কার্যক্রম শুরু করবেন।

**মূল্যায়ন ও সারসংক্ষেপ: সময়: ৫ মিনিট**

**সহায়কের করণীয়**

- অংশগ্রহণকারীগণের উদ্দেশ্যে প্রশ্ন করবেন--

  এই অধিবেশন থেকে আমরা কী কী শিখলাম?

অংশগ্রহণকারীগণকে স্বাধীনভাবে উত্তরদানে উদ্বুদ্ধ করবেন। প্রয়োজনে দ্বৈব-চয়নের মাধ্যমে কয়েকজনকে নিম্নরূপ প্রশ্ন করে অধিবেশনের সারসংক্ষেপ করবেন

- ধর্ম ও নৈতিক শিক্ষার আবশ্যকীয় শিখনক্রম কী?
- ধর্ম ও নৈতিক শিক্ষার বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য কী কী?
- শিক্ষক সহায়িকা কাঠামোর ধাপগুলো বলুন।

  - সক্রিয় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ দিয়ে অধিবেশন সমাপ্ত করবেন।

## সহায়ক তথ্য-১

## শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য: ধর্ম ও নৈতিক শিক্ষা

১. ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের চারটি খণ্ড (ইসলাম ধর্ম, হিন্দু ধর্ম, খ্রিষ্টধর্ম, বৌদ্ধ ধর্ম) সংকলন করা হয়েছে।

২. প্রাথমিক স্তরের শিক্ষক সহায়িকাতে পাঠের বিষয়বস্তু সংযোজন করা হয়েছে।

৩. শিক্ষক সহায়িকায় প্রতিটি অধ্যায়কে একাধিক পাঠে বিভাজন করা হয়েছে।

৪. নির্ধারিত শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফলের ভিত্তিতে প্রতিটি পাঠের বিষয়বস্তু, শিখন-শেখানো কার্যাবলি, পরিকল্পিত কাজ, শিক্ষা উপকরণ, উপস্থাপন ও আলোচনা, সার-সংক্ষেপ সংযোজন করা হয়েছে।

৫. শিখন-শেখানো কার্যক্রমকে অন্তর্ভুক্তিমূলক করার লক্ষ্যে শিক্ষার্থীর বয়স, সামর্থ্য, চাহিদা, মানসিক, ভাষাগত বৈচিত্র্য বিবেচনায় যথাসম্ভব শিক্ষার্থী কেন্দ্রিক পদ্ধতি ও কৌশল (যেমন- আন্তঃ বিষয়ক পদ্ধতি, সক্রিয় শিখন, অভিজ্ঞতাভিত্তিক শিখন ইত্যাদি) শিখন-শেখানো কার্যাবলিতে অনুসরণ করা হয়েছে।

৬. শুধুমাত্র শিক্ষার্থীদের বিষয় সংশ্লিষ্ট জ্ঞান অর্জনই নয়, পাশাপাশি ধর্মীয় অনুশাসন চর্চা, নৈতিক গুণাবলি অর্জন, সামাজিক দৃষ্টিভঙ্গি ও মানবিক মূল্যবোধ বিকাশের প্রতি শিক্ষক সহায়িকায় গুরুত্বারোপ করা হয়েছে।

৭. প্রতিটি পাঠের শেষে পাঠসংশ্লিষ্ট রঙিন ছবি সংযোজন করা হয়েছে।

৮. পর্যবেক্ষণ ও ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্দেশনা ও মূল্যায়ন চেকলিস্ট সংযোজন করা হয়েছে।

৯. অপারগ শিক্ষার্থীদের প্রতি বিশেষ ব্যবস্থা ও কৌশল গ্রহণের সুযোগ রাখা হয়েছে।

১০. প্রাথমিক স্তরের ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের বিস্তৃত শিক্ষাক্রম ২০২১ সংযোজন করা হয়েছে।

# সহায়ক তথ্য-২
# পাঠ পর্যবেক্ষণ ছক
# বিষয়: ধর্ম ও নৈতিক শিক্ষা
# শ্রেণি: প্রথম

○ নির্দেশকগুলোর পাশে উল্লিখিত ঘরে কাজের মাত্রা অনুযায়ী টিক (√) চিহ্ন দিন। প্রয়োজনে অতিরিক্ত কাগজের ব্যবহার করুন।

| ধাপ | ক্র.নং | পর্যবেক্ষণের বিষয়/কাজ | মাত্রা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | হ্যাঁ | আংশিক | না | |
| প্রস্তুতি ও পূর্বজ্ঞান যাচাই | ১. | শ্রেণিকক্ষে শিক্ষক সহায়িকা অনুযায়ী পাঠ উপস্থাপনের জন্য প্রয়োজনীয় উপকরণ ও সহায়ক সামগ্রী আছে | | | | |
| | ২. | শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করেছেন | | | | |
| | ৩. | পরিকল্পনা অনুযায়ী শিখন-শেখানো কার্যাবলি পরিচালনার জন্য আসন ব্যবস্থাপনা নিশ্চিত করেছেন | | | | |
| | ৪. | আনন্দদায়ক কোনো কাজের মাধ্যমে শ্রেণিকক্ষে শিখন উপযোগী সাবলিল পরিবেশ তৈরি করেছেন | | | | |
| | ৫. | পাঠ সংশ্লিষ্ট পূর্বজ্ঞান যাচাই ও পাঠের প্রতি মনোযোগ আকর্ষণের জন্য ছবি/ভিডিও চিত্র প্রদর্শন করেছেন এবং সংশ্লিষ্ট প্রশ্ন করেছেন | | | | |
| | ৬. | প্রশ্নের উত্তর দানের জন্য প্রয়োজনীয় সময় দিয়েছেন | | | | |
| | ৭. | সংশ্লিষ্ট ছবি/ভিডিও চিত্র প্রদর্শনের পর প্রশ্নোত্তরের আলোচনা করে পাঠের শিরোনামের সাথে সমন্বয় করেছেন | | | | |
| বিষয়উপস্থাপন ও অনুশীলন | ৮. | শিক্ষক পাঠের শিরোনাম ঘোষণা করে বোর্ডে লিখে দিয়েছেন | | | | |
| | ৯. | পাঠ সংশ্লিষ্ট মূল প্রশ্ন উপস্থাপন করেছেন এবং প্রশ্নটি বোর্ডে লিখে শিক্ষার্থীদের বুঝতে সহায়তা করেছেন | | | | |
| | ১০. | শিক্ষার্থীদেরকে প্রশ্ন করার সুযোগ দিয়েছেন | | | | |

| ধাপ | ক্র.নং | পর্যবেক্ষণের বিষয়/কাজ | মাত্রা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | হ্যাঁ | আংশিক | না | |
| | ১১. | শিক্ষার্থীদের চিন্তা করে প্রশ্নের উত্তর দানের জন্য প্রয়োজনীয় সময় দিয়েছেন | | | | |
| | ১২. | শিক্ষার্থীদের জোড়ায় কাজ করতে দিয়েছেন | | | | |
| | ১৩. | প্রত্যেক জোড়ার কাজ শ্রেণির সকলের উদ্দেশ্যে বিনিময় করতে সহায়তা করেছেন | | | | |
| | ১৪. | শিক্ষার্থীদের দলে কাজ করতে দিয়েছেন | | | | |
| | ১৫. | দলের কাজ মনিটরিং করেছেন এবং প্রয়োজনীয় সহায়তা দিয়েছেন | | | | |
| | ১৬. | দলের কাজ শ্রেণির সকলের উদ্দেশ্যে বিনিময় করতে দিয়েছেন | | | | |
| | ১৭. | শিক্ষার্থীদের দলের/জোড়ার কাজের উপর মত বিনিময় করতে সহায়তা করেছেন | | | | |
| | ১৮. | পরিকল্পিতভাবে বোর্ড ব্যবহার করেছেন এবং শিক্ষার্থীদের বোর্ড ব্যবহারে সম্পৃক্ত করেছেন | | | | |
| পর্যবেক্ষণ ও মূল্যায়ন | ১৯. | শিক্ষার্থীদের প্রতিটি কাজ পর্যবেক্ষণ করেছেন | | | | |
| | ২০. | প্রতিটি শিক্ষার্থী সক্রিয় ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করছে কিনা তা নিশ্চিত করেছেন | | | | |
| | ২১. | প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়ন করেছেন | | | | |
| | ২২. | মূল্যায়ন চেকলিষ্ট ব্যবহার করে শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট বিষয়জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ মূল্যায়ন করেছেন | | | | |
| | ২৩. | শিক্ষার্থীদের পারগতার মাত্রা অনুযায়ী ফলাবর্তন প্রদান করেছেন | | | | |
| | ২৪. | শিক্ষার্থীদের মূল্যায়ন করে তার রেকর্ড সংরক্ষণ করেছেন | | | | |
| সারসংক্ষেপকরণ | ২৫. | পাঠ থেকে শিক্ষার্থীরা কী কী শিখেছে তা বলতে দিয়ে পাঠের সারসংক্ষেপ করেছেন | | | | |

| ধাপ | ক্র.নং | পর্যবেক্ষণের বিষয়/কাজ | মাত্রা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | হ্যাঁ | আংশিক | না | |
| | ২৬. | পরবর্তী পাঠের ঘোষণা দিয়ে পাঠ সমাপ্ত করেছেন। | | | | |

পর্যবেক্ষকের নাম ও পদবী

স্বাক্ষর ও তারিখ

## সহায়ত তথ্য-৩
## ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের শিক্ষক সহায়িকা কাঠামো

প্রচ্ছদ

↓

প্রসঙ্গ কথা

↓

সাধারণ নির্দেশনা

↓

সূচিপত্র

↓

অধ্যায়ভিত্তিক বিষয়বস্তু

↓

অধ্যায়

↓

অধ্যায়ের শিরোনাম

↓

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

↓

পাঠ বিভাজন

↓

পাঠের শিরোনাম

↓

শিখনফল

↓

শিখন-শেখানো উপকরণ

↓

বিষয়বস্তু

↓

শিখন শেখানো কার্যাবলি

- ➢ ক. ভূমিকা
- ➢ খ. মূলপাঠ
  - একক কাজ
  - জোড়ায় কাজ
  - দলগত কাজ
  - প্রশ্নোত্তর ও আলোচনা
  - পর্যবেক্ষণ ও মূল্যায়ন
  - ○ মূল্যায়ন চেকলিস্ট
- ➢ গ. উপসংহার
  - সারসংক্ষেপ
  - পাঠ সমাপ্তি

# দিন-২
# অধিবেশন – ৩
# ইংরেজি শিক্ষাক্রম ও শিখন সামগ্রী পরিচিতি
# সময়: ১.৩০ ঘণ্টা

**এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-**

১. ইংরেজি বিষয়ের অর্জনোপযোগী যোগ্যতা থেকে বিষয়বস্তু পর্যন্ত শিক্ষাক্রমের ক্রমধারা ব্যাখ্যা করতে পারবেন।

২. ইংরেজি বিষয়ের পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকা ব্যবহার করে পাঠের প্রস্তুতি গ্রহণ করতে পারবেন।

৩. ইংরেজি বিষয়ের পাঠ পরিচালনার ধাপসমূহ অনুসরণ করে পাঠ উপস্থাপন করতে পারবেন।

**পদ্ধতি ও কৌশল:** প্রশ্নোত্তর, দলগত কাজ, উপস্থাপন, প্রদর্শন, আলোচনা

**সহায়ক সামগ্রী:** ইংরেজি পাঠ্যপুস্তক, ইংরেজি শিক্ষাক্রম, ইংরেজি শিক্ষক সহায়িকা, রঙিন কাগজ, মার্কার, কাঁচি, স্কস্টেপ, পুশপিন বোর্ড, পুশপিন, আঠা, বর্ণ কার্ড ইত্যাদি

**অধিবেশনের কার্যাবলি**

**কাজ-১: ইংরেজি বিষয়ের আবশ্যকীয় শিখনক্রম বিশ্লেষণ** **সময়: ২৫ মিনিট**

- অনলাইন প্রশিক্ষণে অর্জিত জ্ঞান বিভিন্ন প্রশ্নের মাধ্যমে যাচাই করা হবে। প্রয়োজনে ফিডব্যাক ও পুনরালোচনা করা হবে।
- অংশগ্রহণকারীদের ৫টি দলে ভাগ করবেন।
- প্রত্যেক দলে ইংরেজি শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক ও কর্মপত্র সরবরাহ করবেন।
- তথ্যপত্রে দলগত কাজ করার নির্দেশনা দিবেন।
- প্রত্যেক দলকে পৃথক পৃথক বিষয়বস্তু নির্ধারণ করে দিবেন। প্রত্যেক দলকে বিষয়বস্তু থেকে ক্রমান্বয়ে উপরের দিকে বিষয়ভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা পর্যন্ত শনাক্ত করতে দিবেন।

| কর্মপত্র | | | |
|---|---|---|---|
| **বিষয়বস্তু** | **শিখনফল** | **শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা** | **বিষয়ভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা** |
| | | | |

- দলগত কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে প্রত্যেক দলকে ২মিনিট করে উপস্থাপন করতে দিবেন। একটি দলের উপস্থাপনের এই দলের শনাক্ত করা বিষয়বস্তু ঠিক আছে কিনা অন্যদের জিজ্ঞাসা করবেন। কয়েকজনের মতামত গ্রহণ করবেন।
- সকলকে ধন্যবাদ জানিয়ে এই কাজটি শেষ করবেন।

**কাজ-২: পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকা ব্যবহার করে একটি পাঠের প্রস্তুতি গ্রহণ** **সময়: ৩০ মিনিট**

- প্রত্যেক দলে পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকা, উপকরণ তৈরির সারঞ্জাম, মার্কার ইত্যাদি সরবরাহ করবেন।
- ৫ দলে ৫টি আলাদা পাঠ নির্ধারণ করে দিবেন।
- পাঠ নির্ধারণের সময় সবাইকে বলে দিবেন যেন সবাই পাঠ উপস্থাপনার জন্য প্রস্তুতি গ্রহণ করেন।
- সবাইকে সংশ্লিষ্ট পাঠটি শিক্ষক সহায়িকা থেকে বের করতে বলবেন। সবাই যথাযথভাবে বের করতে পারলো কী না খেয়াল করবেন।
- শিক্ষক সহায়িকার সংশ্লিষ্ট পাঠটি উপস্থাপনার জন্য প্রস্তুতি নিতে বলবেন; এক্ষেত্রে প্রয়োজনীয় উপকরণ কী লাগবে তা তৈরি বা সংগ্রহ করতে বলবেন।
- দলগত কাজ শেষ হলে, প্রত্যেক দলকে ২ মিনিট করে উপস্থাপন করতে দিবেন। (১৫ মিনিটের একটি পাঠে তাঁরা কী কী এক্টিভিটি ও মূল্যায়ন কৌশল প্রয়োগ করবেন তার বর্ণনা করতে বলবেন)।
- অন্যদের আলোচনার সুযোগ দিবেন।

**কাজ-৩: পাঠ উপস্থাপন** **সময়: ৩০ মিনিট**

- ৫টি দল থেকে লটারির মাধ্যমে উপস্থাপক দল নির্বাচন করবেন।
- পুর্বের প্রস্তুতি অনুযায়ী বিষয়বস্তুর ওপর ১৫ মিনিটের একটি শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে বলবেন।
- একটি পূর্ণ পাঠের সকল ধাপসমূহ সংক্ষেপে ১৫ মিনিটে উপস্থাপন করতে বলবেন।
- কয়েকজনকে পাঠ উপস্থাপন পর্যবেক্ষণ (নির্ধারিত ছকে) করতে বলবেন আর কয়েকজনকে শিক্ষার্থীর ভূমিকা পালনের নির্দেশনা দিবেন।
- পাঠ উপস্থাপন শেষে প্রথমে পাঠ উপস্থাপনকারী শিক্ষককে তাঁর নিজের পাঠের উপর নিজ অভিমত ব্যক্ত করতে বলবেন। এরপর পর্যবেক্ষকগণকে তাদের মতামত ব্যক্ত করতে বলবেন এবং প্রয়োজনীয় ফলাবর্তন দিতে বলবেন।

- সবাইকে ধন্যবাদ দিয়ে কাজটি সমাপ্ত করবেন।

**মূল্যায়ন ও ফলাবর্তন:**

প্রশিক্ষক অধিবেশন চলাকালীন প্রতিটি ধাপে অংশগ্রহণকারীদের কাজের মূল্যায়ন করবেন এবং প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**অধিবেশনের সারসংক্ষেপ:** **সময়: ৫ মিনিট**

আজকের অধিবেশন সংশ্লিষ্ট কয়েকটি প্রশ্নের মাধ্যমে অংশগ্রহণকারীগণের অর্জন যাচাই করবেন এবং দৈবচয়নের ভিত্তিতে কয়েকজনকে নিম্নরূপ প্রশ্ন করে অধিবেশনের সারসংক্ষেপ করবেন-

- ইংরেজি বিষয়ের আবশ্যকীয় শিখনক্রমের বৈশিষ্ট্য কী?
- ইংরেজি বিষয়ের বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য কী?
- ইংরেজি শিখন-শেখানো কার্যক্রম পরিচালনায় কয়েকটি পদ্ধতি/ কৌশলের নাম বলুন।

সবাইকে ধন্যবাদ দিয়ে অধিবেশন সমাপ্ত করবেন।

# সহায়ক তথ্য-১
# পাঠ পর্যবেক্ষণ ছক

## বিষয়: ইংরেজি
## শ্রেণি: প্রথম

নির্দেশকগুলোর পাশে উল্লিখিত ঘরে কাজের মাত্রা অনুযায়ী টিক চিহ্ন দিন। প্রয়োজনে অতিরিক্ত কাগজের ব্যবহার করুন।

| ধাপ | ক্র.নং | কাজ | মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | হ্যাঁ | আংশিক | না |
| প্রস্তুতি | ১ | শিক্ষক সহায়িকা অনুসরণে পাঠ পরিকল্পনা/লেসন নোট তৈরি করেছেন | | | |
| | ২ | পাঠ পরিচালনার জন্য প্রয়োজনীয় উপকরণ নিয়ে শ্রেণিকক্ষে প্রবেশ করেছেন | | | |
| | ৩ | আনন্দদায়ক কাজের মাধ্যমে শ্রেণিকক্ষে শিখন উপযোগী সাবলীল পরিবেশ তৈরি করেছেন | | | |
| উপস্থাপন ও অনুশীলন | ৪ | পাঠ সংশ্লিষ্ট পূর্বজ্ঞান যাচাইয়ে সংশ্লিষ্ট প্রশ্ন করেছেন বা ছবি/ভিডিও চিত্র প্রদর্শন করেছেন | | | |
| | ৫ | পাঠ সংশ্লিষ্ট উপকরণ ব্যবহার করে সহজবোধ্য ভাষায় পাঠ উপস্থাপন করেছেন | | | |
| | ৬ | শিক্ষক পাঠের শিরোনাম ঘোষণা করে বোর্ডে লিখে দিয়েছেন | | | |
| | ৭ | চিন্তা করে প্রশ্নের উত্তর দানের জন্য শিক্ষার্থীদের প্রয়োজনীয় সময় দিয়েছেন | | | |
| | ৮ | পাঠের ধরণ অনুযায়ী শিক্ষার্থীদের কাজ ( দলীয়, জোড়া, একক) করতে দিয়েছেন | | | |
| | ৯ | দলের কাজ মনিটরিং করছেন এবং প্রয়োজনীয় সহায়তা দিয়েছেন | | | |
| | ১০ | দলের কাজ শ্রেণির সকলের উদ্দেশ্যে উপস্থাপন করতে দিয়েছেন | | | |
| পর্যবেক্ষণ ও মূল্যায়ন | ১১ | প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়ন করেছেন | | | |
| | ১২ | মূল্যায়ন চেকলিস্ট ব্যবহার করে শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট বিষয়জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ মূল্যায়ন করেছেন | | | |
| | ১৩ | শিক্ষার্থীদের পারগতার মাত্রা অনুযায়ী ফলাবর্তন প্রদান করে পুন: মূল্যায়ন করেছেন | | | |
| | ১৪ | শিক্ষার্থীদের মূল্যায়ন করে তার রেকর্ড সংরক্ষণ করেছেন | | | |
| সারসংক্ষেপকরণ | ১৫ | পাঠ থেকে শিক্ষার্থীরা কী কী শিখেছে তা বলতে দিয়ে পাঠের সারসংক্ষেপ করেছেন | | | |
| সার্বিক মন্তব্য | | | | | |

পর্যবেক্ষকের নাম, পদবী

স্বাক্ষর ও তারিখ

# দিন-২

## অধিবেশন -৪

## সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকা

## সময়: ১.৩০ ঘন্টা

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

- সামাজিক বিজ্ঞান বিষয়ের আবশ্যকীয় শিখনক্রম ব্যাখ্যা করতে পারবেন।
- সামাজিক বিজ্ঞান বিষয়ের পরিমার্জিত বিস্তৃত শিক্ষাক্রম ব্যাখ্যা করতে পারবেন ।
- সামাজিক বিজ্ঞান শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য চিহ্নিত করতে পারবে।
- সামাজিক বিজ্ঞান শিক্ষক সহায়িকার কাঠামো বলতে পারবেন।
- শিক্ষক সহায়িকায় বর্ণিত পাঠ অনুসরণ করে পাঠ প্রদর্শন করতে পারবেন।

**পদ্ধতি ও কৌশল:** ব্রেইন স্টর্মিং, দলীয় কাজ, দলীয় কাজ প্রদর্শন, প্রশ্ন-উত্তর, ও আলোচনা।

**সহায়ক সামগ্রী:** আবশ্যকীয় শিখনক্রম, বিস্তৃত শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকা, বোর্ড, মার্কার/চক, ডাস্টার, পোস্টার পেপার, এ-ফোর সাইজের কাগজ, প্রজেক্টর, ল্যাপটপ, নির্দেশিকা কাঠি/লেজার পয়েন্টার।

### অধিবেশনের কার্যাবলি

**কাজ-১: সামাজিক বিজ্ঞান বিষয়ের আবশ্যকীয় শিখনক্রম পরিচিতি** **সময়: ২০ মিনিট**

- অংশগ্রহণকারীগণের সাথে কুশল বিনিময় করবেন এবং একটি ছোট আনন্দদায়ক কাজের মাধ্যমে অধিবেশনের সূচনা করবেন।
- সহায়ক নিশ্চিত করবেন যে, অংশগ্রহণকারীগণের নিকট আবশ্যকীয় শিখনক্রম, বিস্তৃত শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকা আছে।
- আংশগ্রহণকারীগণকে অনলাইন প্রশিক্ষণ থেকে প্রাপ্ত সামাজিক বিজ্ঞান বিষয়ের পরিমার্জিত আবশ্যকীয় শিখনক্রম, **প্র**থম শ্রেণির বিস্তুত শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকা সংশ্লিষ্ট ধারণা স্মরণ করতে বলবেন। এক্ষেত্রে ধারাবাহিকভাবে নিম্নের বিষয়গুলো বোর্ডে লিখবেন এবং অংশগ্রহণকারীগণকে আবশ্যকীয় শিখনক্রম ও বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য এবং শিক্ষক সহায়িকার কাঠামো ও বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা ব্যক্ত করতে দিবেন।

- শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা
- বিস্তৃত শিখনক্রম
- শিক্ষক সহায়িকা

● পাওয়ারপয়েন্ট স্লাইডের মাধ্যমে সহায়ক তথ্যের কাঠামো ও বৈশিষ্ট্য উপস্থাপন করবেন এবং আলোচনার মাধ্যেমে সকলের ধারণা সুস্পষ্ট করতে সহায়তা করবেন।

**কাজ-২: শিক্ষক সহায়িকার আলোকে পাঠের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা** **সময়: ২০ মিনিট**

- অংশগ্রহণকারীগণকে ৪টি ছোট দলে ভাগ করবেন।
- দলে আলোচনা করে প্রত্যেক দলকে ১ম শ্রেণির সামাজিক বিজ্ঞান বিষয়ের একটি করে পাঠ নির্বাচন করতে বলবেন।
- শিক্ষক সহায়িকার পরিকল্পনা অনুসরণপূর্বক নির্বাচিত পাঠটি উপস্থাপনের জন্য প্রস্তুতি গ্রহণ করতে বলবেন। অংশগ্রহণকারীদের নির্দেশনা দিবেন যে, পাঠ উপস্থাপনের জন্য ২০ মিনিট সময় পাওয়া যাবে।
- দলের একজনকে শিক্ষক হিসেবে নির্বাচন করতে দিবেন।
- প্রস্তুতি শেষে দ্বৈবচয়নের মাধ্যমে যেকোনো একটি দলকে পাঠ উপস্থাপনের জন্য নির্বাচন করবেন।

**কাজ-৩ শিক্ষক সহায়িকার আলোকে পাঠ উপস্থাপন ও পর্যবেক্ষণ** **সময়: ৩০ মিনিট**

○ নির্বাচিত দলের শিক্ষককে ২৫ মিনিটের পাঠ উপস্থাপনের জন্য এবং অন্যান্য সকল অংশগ্রহণকারীগণকে শিক্ষার্থী এবং একই সঙ্গে পর্যবেক্ষকের ভূমিকা পালন করার জন্য আহ্বান জানাবেন।

○ অংশগ্রহণকারীগণের মধ্যে সহায়ক তথ্যের পর্যবেক্ষণ চেকলিষ্ট সরবরাহ করবেন।

○ চেকলিষ্ট ব্যবহার করে পাঠ পর্যবেক্ষণ করতে বলবেন।

**কাজ-৪ পাঠের মানোন্নয়নের জন্য কার্যকর ফলাবর্তন প্রদান** **সময় ১৫ মিনিট**

- অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলবেন, পাঠ উপস্থাপনে শিক্ষক কী কী ভুল করেছেন, তা নিয়ে আমরা আলোচনা করব না। বরং পাঠ উপস্থাপনের উন্নয়নের ক্ষেত্রগুলো চিহ্নিত করে শিক্ষক সহায়িকা এবং শিক্ষাক্রমের আলোকে কীভাবে চিহ্নিত ক্ষেত্রগুলোর উন্নয়ন করা যায়, তা নিয়ে আলোচনা করব।

- পাঠদানকারী শিক্ষককে প্রথমে পাঠ সম্পর্কে তার প্রতিফলন ব্যক্ত করার সুযোগ দিবেন। এরপর অন্যান্য অংশগ্রহণকারীগণকে মূল্যায়ন চেকলিস্ট ও নোট অনুযায়ী ফলাবর্তন প্রদানের জন্য আহ্বান জানাবেন। এক্ষেত্রে সহায়ক আলোচনায় অংশগ্রহণের জন্য অংশগ্রহণকারীদের হাত তুলতে উৎসাহিত করবেন।

**অধিবেশনের সারসংক্ষেপ** **সময়: ৫ মিনিট**

- বিভিন্ন প্রশ্ন করার মাধ্যমে অধিবেশনের সারসংক্ষেপ করবেন এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে অধিবেশন সমাপ্ত করবেন।

# দিন-৩

## অধিবেশন -১

## প্রাথমিক বিজ্ঞান শিক্ষাক্রম ও শিখন সামগ্রী পরিচিতি

## মোট সময়: ১.৩০ ঘন্টা

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

- প্রাথমিক বিজ্ঞান আবশ্যকীয় শিখনক্রম  ব্যাখ্যা করতে পারবেন।
- প্রাথমিক বিজ্ঞান বিস্তৃত  শিক্ষাক্রম ব্যাখ্যা করতে পারবেন।
- প্রাথমিক বিজ্ঞান শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য চিহ্নিত করতে পারবেন।
- প্রাথমিক বিজ্ঞান শিক্ষক সহায়িকার কাঠামো বলতে পারবেন।
- শিক্ষক সহায়িকায় বর্ণিত পাঠ অনুসরণ করে পাঠ প্রদর্শন করতে পারবেন।

**পদ্ধতি ও কৌশল:** প্রশ্নোত্তর-আলোচনা, প্রদর্শন, ভূমিকাভিনয়, **Think-Pair-Share**, একক কাজ, জোড়ায় কাজ, দলগত কাজ, প্রদর্শন পাঠ ও পর্যালোচনা ইত্যাদি

**সহায়ক সামগ্রী:** প্রাথমিক বিজ্ঞান আবশ্যকীয় শিখনক্রম  ও  বিস্তৃত শিক্ষাক্রম, প্রাথমিক বিজ্ঞান  শিক্ষক সহায়িকা, কর্মপত্র, পর্যবেক্ষণ চেকলিষ্ট, তথ্যপত্র, পোস্টার পেপার, মার্কার, ল্যাপটপ, মাল্টিমিডিয়া ইত্যাদি

**অধিবেশনের কার্যাবলি:**

**কাজ-১: প্রাথমিক বিজ্ঞান আবশ্যকীয় শিখনক্রমের পরিচিতি** **সময়: ১০ মিনিট**

- যে কোনো একটি আনন্দদায়ক কাজের মাধ্যমে অধিবেশনের জন্য অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- অংশগ্রহণকারীদেরকে আবশ্যকীয় শিখনক্রম সম্পর্কে অনলাইন কোর্স হতে প্রাপ্ত ধারণা যাচাইয়ের জন্য নিম্নলিখিত প্রশ্ন করবেন-
  - আবশ্যকীয় শিখনক্রম বলতে কী বুঝেন?
  - প্রাথমিক বিজ্ঞান আবশ্যকীয় শিখনক্রমে ১ম শ্রেণির জন্য কয়টি অর্জনোপযোগী যোগ্যতা নির্ধারিত রয়েছে?
- অংশগ্রহণকারীদের থেকে উত্তর পাওয়ার জন্য ৫-৭ সেকেন্ড অপেক্ষা করবেন। কয়েকজন অংশগ্রহণকারীদের উত্তর শুনবেন।

- আলোচনা ও প্রয়োজনীয় স্লাইড প্রদর্শনের মাধ্যমে আবশ্যকীয় শিখনক্রমের ধারণা স্পষ্ট করবেন।

**কাজ-২: প্রাথমিক বিজ্ঞান বিস্তৃত শিক্ষাক্রমের পরিচিতি** **সময়: ১৫ মিনিট**

- অংশগ্রহণকারীদের অনলাইন কোর্স হতে প্রাথমিক বিজ্ঞানের বিস্তৃত শিক্ষাক্রমের প্রাপ্ত ধারণা যাচাইয়ের জন্য নিম্নলিখিত প্রশ্ন করবেন-
    - বিস্তৃত শিক্ষাক্রম বলতে কী বুঝেন?
    - প্রাথমিক বিজ্ঞানের বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্যসমূহ কী কী?
- অংশগ্রহণকারীদের থেকে উত্তর পাওয়ার জন্য ৫-৭ সেকেন্ড অপেক্ষা করবেন। কয়েকজন অংশগ্রহণকারীদের উত্তর শুনবেন।
- কর্মপত্র-১ স্লাইডে প্রদর্শন করবেন।
- অংশগ্রহণকারীদেরকে বলবেন "বিস্তৃত শিক্ষাক্রম ছকের (ম্যাট্রিক্স) প্রথম কলামের শিরোনাম দিয়ে দেওয়া হয়েছে, প্রয়োজনমতো কলামের সংখ্যা বাড়িয়ে ছকের বাকি অংশপূরণ করবেন"।
- কাজটি করার জন্য সময় নিদ্দিষ্ট করে দিবেন এবং ঘুরে ঘুরে অংশগ্রহণকারীদের কাজ পর্যবেক্ষণ করবেন।
- নিদির্ষ্ট সময় পর কাজের ফলাফল উপস্থাপন করতে বলবেন।
- পরিশেষে পূর্বে প্রস্তুতকৃত পূরণকৃত কর্মপত্র-১ পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করবেন। প্রত্যেকটি তাদের কাজের সাথে মিলিয়ে দেখতে বলবেন ।

**কাজ-৩: প্রাথমিক বিজ্ঞান শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য চিহ্নিতকরণ** **সময়: ২০ মিনিট**

- প্রশিক্ষণার্থীদের ৬টি দলে ভাগ করবেন ।
- প্রত্যেক দলে শিক্ষক সহায়িকার কপিসহ পোস্টার, মার্কার সরবরাহ করবেন ।
- প্রত্যেক দলে বিতরণকৃত শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য কী কী তা পোস্টার পেপারে লিখতে বলবেন।
- দলগত কাজের সময় নিদ্দিষ্ট করবেন এবং নির্ধারিত সময়ে দলগত কাজ সমাপ্ত করার জন্য ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করবেন ।
- দলগত কাজ শেষ হলে তা উপস্থাপন করতে বলবেন ।

- পরিশেষে তথ্যপত্র-১ এর আলোকে পূর্বে প্রস্তুতকৃত প্রাথমিক বিজ্ঞান শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করবেন। প্রত্যেকটি দলকে তাদের কাজের সাথে মিলিয়ে দেখতে বলবেন ।

**কাজ-৪: প্রাথমিক বিজ্ঞান শিক্ষক সহায়িকার কাঠামো বিশ্লেষণ** **সময়: ১৫ মিনিট**

- ○ পূর্ববর্তী দল অনুযায়ী বসতে বলবেন ।
- ○ বিতরণকৃত শিক্ষক সহায়িকার কাঠামো বিন্যাস সম্পর্কে দলে আলোচনা করে লিখতে বলবেন ।
- ○ প্রতি দল থেকে একজনকে উপস্থাপন করতে বলবেন ।
- ○ পরিশেষে তথ্যপত্র-২ এর আলোকে পূর্বে প্রস্তুতকৃত কাঠামো বিন্যাস পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করবেন। প্রত্যেকটি দলকে তাদের কাজের সাথে মিলিয়ে দেখতে বলবেন ।

**কাজ-৫: শিক্ষক সহায়িকায় বর্ণিত পাঠ অনুসরণ করে পাঠ প্রদর্শন** **সময়: ৩০ মিনিট**

- প্রথম দিনের অধিবেশনের নির্দেশনা অনুযায়ী অংশগ্রহণকারীগন পাঠ প্রদর্শনের জন্য প্রস্তুত হয়েছে কি না তা নিশ্চিত হউন ।
- শিক্ষক সহায়িকায় বর্ণিত পাঠ অনুসরণ করে পাঠ প্রদর্শন করতে বলবেন। প্রদর্শন পাঠটি ১৫ মিনিটের মধ্যে শেষ করতে বলবেন।
- প্রদর্শিত পাঠ পর্যালোচনার জন্য পূর্বেই পর্যবেক্ষণ চেকলিস্ট সকলকে সরবরাহ করবেন এবং কী করতে হবে তা বুঝিয়ে দেবেন।
- অংশগ্রহণকারীগনকে দুই দলে ভাগ হতে বলবেন। একদলকে শিক্ষার্থীর ভুমিকায় এবং অপর দলকে পর্যবেক্ষকের ভুমিকাভিনয় করতে বলবেন।
- পর্যবেক্ষকদের প্রদত্ত চেকলিষ্টের আলোকে পাঠ পর্যবেক্ষণ করতে বলবেন।
- পাঠ শেষে উন্মুক্ত আলোচনার মাধ্যমে অংশগ্রহণকারীগনের নিকট থেকে পাঠ সম্পর্কে তাদের মতামত / পর্যবেক্ষণ শুনুন।

**অধিবেশনের সারসংক্ষেপ**

বিভিন্ন প্রশ্ন করার মাধ্যমে অধিবেশনের সারসংক্ষেপ করবেন এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে অধিবেশন সমাপ্ত


### কর্মপত্র-১

| বিষয় ভিত্তিক প্রান্তিক যোগ্যতা | | |
|---|---|---|
| | | |

## সহায়ক তথ্য-১
## প্রাথমিক বিজ্ঞান শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য

- সক্রিয় শিখনের বিভিন্ন কৌশল শিখন-শেখানো কার্যক্রমে ব্যবহার করা হয়েছে। যেমন- আমি কে? (Who am I?), ধারণা চিত্র (Concept Map), প্রকৃতি পর্যবেক্ষণ (Nature Walk), Think-Pair-Share, Role play ইত্যাদি।
- প্রয়োজন অনুযায়ী পাঠে শিখন সংগঠক (Graphic Organizer) ব্যবহার করা হয়েছে।
- প্রতি পাঠের শুরুতে পাঠসংশ্লিষ্ট উপকরণের তালিকা দেয়া আছে।
- অডিও-ভিজ্যুয়াল উপকরণ ব্যবহারের সুযোগ রাখা হয়েছে।
- প্রতি পাঠের শেষে পাঠসংশ্লিষ্ট রঙিন ছবি/চিত্র সংযোজন করা হয়েছে।
- প্রতি পাঠে মূল্যায়ন চেকলিস্ট সংযোজন করা হয়েছে।
- মূল্যায়নের জন্য পূর্বের ন্যায় আলাদাভাবে কোনো প্রশ্ন সংযোজন করা হয়নি।
- ...

# সহায়ক তথ্য-২
# শিক্ষক সহায়িকার কাঠামো



সহায়ক তথ্য-৩

**পাঠ পর্যবেক্ষণ ছক**

**বিষয়: --------------**

**শ্রেণি: ---------------**

পর্যবেক্ষণকারী শিক্ষকের নাম: পাঠের বিষয়বস্তু:

পাঠের শিখনফল:

| ক্রমিক নম্বর | পর্যবেক্ষণের দিকসমূহ | হ্যাঁ অথবা না | আপনি হলে যা করতেন |
|---|---|---|---|
| ১. | কুশল বিনিময় এবং পূর্বজ্ঞান যাচাই করেছেন | | |
| ২. | মূল প্রশ্ন ব্যবহার করে শিখন-শেখানো কার্যক্রম শুরু করেছেন | | |
| ৩. | পাঠের নির্ধারিত কাজটি যথাযথভাবে সম্পন করেছেন | | |
| ৪. | শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিভিন্ন ধরনের শিখন সংগঠন ব্যবহার করা হয়েছে। | | |
| ৫. | যথাসময়ে পাঠ সংশ্লিষ্ট উপকরণ ব্যবহার করা হয়েছে | | |
| ৬. | ধারাবাহিক মূল্যায়ন করা হয়েছে | | |
| ৭. | পাঠ সংশ্লিষ্ট দক্ষতা যাচাই করা হয়েছে | | |
| ৮. | মূল্যায়ন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করা হয়েছে | | |
| ৯. | মূল্যায়ন রেকর্ড সংরক্ষণ করেছেন | | |
| ১০. | শিক্ষক পাঠের সার-সংক্ষেপ করেছেন | | |

# দিন-৩
# অধিবেশন -২
# সময়: ২ ঘণ্টা
# শিল্পকলা শিক্ষাক্রম ও শিখন সামগ্রী পরিচিতি

**এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-**

- শিল্পকলা বিষয়ের আবশ্যকীয় শিখনক্রম, বিস্তৃত শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকা সম্পর্কে ধারণা ব্যক্ত করতে পারবেন।
- শিক্ষক সহায়িকার পাঠ পরিকল্পনা অনুসরণে একটি পাঠ উপস্থাপন করতে পারবেন।
- কার্যকরভাবে শিল্পকলা বিষয়ের পাঠ পর্যবেক্ষণ করতে পারবেন।
- শিল্পকলা বিষয়ে পাঠের মানোন্নয়নের জন্য কার্যকর ফলাবর্তন প্রদান করতে পারবেন।

**পদ্ধতি ও কৌশল:** দলগত কাজ, প্রশ্নোত্তর আলোচনা ও উপস্থাপন।

**সহায়ক সামগ্রী:** আবশ্যকীয় শিখনক্রম, বিস্তৃত শিক্ষাক্রম, শিক্ষক সহায়িকা, বোর্ড, মার্কার/চক, ডাস্টার, পোস্টার পেপার, সাইন পেন, কাগজ, প্রজেক্টর, ল্যাপটপ ইত্যাদি।

**অধিবেশনের কার্যাবলি**

**কাজ-১: শিল্পকলা (১ম শ্রেণি): আবশ্যকীয় শিখনক্রম, বিস্তৃত শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকার ধারণা সময় ২০ মি.**

- প্রথমে অংশগ্রহণকারীগণের সাথে কুশল বিনিময় করবেন। এরপর প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণপূর্বক একটি ছোট আনন্দদায়ক কাজের মাধ্যমে অধিবেশনের সূচনা করবেন।
- অংশগ্রহণকারীগণের নিকট আবশ্যকীয় শিখনক্রম, বিস্তৃত শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকা আছে কি না তা নিশ্চিত করবেন।
- আবশ্যকীয় শিখনক্রম, বিস্তৃত শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকা সম্পর্কে অনলাইন কোর্স হতে অংশগ্রহণকারীদের প্রাপ্ত ধারণা প্রশ্নোত্তর আলোচনার মাধ্যমে যাচাই করবেন।
- প্রয়োজনে সংক্ষিপ্ত আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করবেন।

**কাজ-২: শিক্ষক সহায়িকার আলোকে পাঠের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা সময় ১৫ মিনিট**

- অংশগ্রহণকারীগণকে দৈবচয়নের মাধ্যমে ৪টি দলে ভাগ করবেন। ৪টি দলকে শিল্পকলার চারটি বিষয় (চারু ও কারুকলা, সংগীত, নৃত্যকলা ও নাট্যকলা) অনুযায়ী ভাগ করে দিবেন।

- প্রতিটি দলকে দলে আলোচনা করে সংশ্লিষ্ট বিষয়ের একটি করে পাঠ নির্বাচন করতে বলবেন।
- নির্বাচিত পাঠটি শিক্ষক সহায়িকার পাঠ পরিকল্পনা অনুসরণপূর্বক পাঠ উপস্থাপনের জন্য প্রতিটি দলকে প্রস্তুতি গ্রহণ করতে বলবেন।
- অংশগ্রহণকারীদের নির্দেশনা দিবেন যে, প্রতিটি দল একটি পাঠ উপস্থাপনের জন্য ১৫ মিনিট সময় পাবেন। প্রত্যেক দল থেকে একজন সদস্য শিক্ষকের ভূমিকায় এবং দলের অন্য সদস্যগণ শিক্ষার্থীর ভূমিকায় থাকবেন। অন্যান্য দলের সদস্যগণ পর্যবেক্ষণ করবেন।

**কাজ-৩: শিক্ষক সহায়িকার আলোকে পাঠ উপস্থাপন ও পর্যবেক্ষণ** **সময়: ৬০ মিনিট**

- একটি দলকে তাদের পাঠ উপস্থাপনের জন্য আহ্বান জানাবেন।
- পর্যায়ক্রমে অন্য ৩ টি দল কেও পাঠ উপস্থাপনের জন্য আহ্বান জানাবেন।
- পাঠ উপস্থাপনের সময় যারা পর্যবেক্ষণ করবেন, তাদের পাঠ পর্যবেক্ষণ চেকলিস্ট-১ ব্যবহার করার পরামর্শ দিবেন। তবে চেকলিস্টের বাইরেও পর্যবেক্ষণ থাকলে তা নোট রাখতে বলবেন।
- প্রতিটি দল যেনো নিম্নের সময় বিভাজন অনুযায়ী পাঠ উপস্থাপন করেন সে বিষয়ে নির্দেশনা দিবেন।

কুশল বিনিময় ও আবেগ সৃষ্টি: ১ মিনিট

পূর্বজ্ঞান যাচাই: ২মিনিট

শিখন শেখানো কার্যাবলী: ৮ মিনিট

মূল্যায়ন ও নিময়মূলক ব্যাবস্থা: ৪ মিনিট

- প্রতিটি দল যেন তাদের নির্ধারিত সময়ের মধ্যেই পাঠ উপস্থাপন করতে পারে সহায়ক সেদিকে সতর্ক দৃষ্টি রাখবেন।

**কাজ-৪: পাঠের মানোন্নয়নের জন্য কার্যকর ফলাবর্তন প্রদান** **সময়: ২০ মিনিট**

- অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলবেন, শিখন-শেখানো কার্যক্রমে পাঠ উপস্থাপনের উন্নয়নের ক্ষেত্রগুলো চিহ্নিত করে শিক্ষক সহায়িকা এবং শিক্ষাক্রমের আলোকে কীভাবে উন্নয়ন করা যায়, তা নিয়ে আলোচনা করব।

- পাঠদানকারী শিক্ষককে প্রথমে তার প্রতিফলন আলোচনার সুযোগ দিবেন। এরপর পর্যবেক্ষক দল থেকে চেকলিস্ট ও নোট অনুযায়ী ফলাবর্তন আলোচনার জন্য আহ্বান জানাবেন। পর্যায়ক্রমে পাঠ উপস্থাপনকারী ৪ জন শিক্ষককে তাদের প্রতিফলন এবং পর্যবেক্ষক দলকে তাদের ফলাবর্তন আলোচনার জন্য আহ্বান জানাবেন। এক্ষেত্রে সহায়ক আলোচনায় অংশগ্রহণের জন্য সকল অংশগ্রহণকারীদের মধ্য থেকে হাত তুলতে উৎসাহিত করবেন।
- সহায়ক খেয়াল রাখবেন যেন সকল দলই তাদের পর্যবেক্ষণ আলোচনার সুযোগ পান। আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ দিয়ে পরবর্তী কার্যক্রম শুরু করবেন।

**মূল্যায়ন ও সারসংক্ষেপ:** **সময়: ৫ মিনিট**

সহায়ক এই অধিবেশনের বিষয় ও পাঠ উপস্থাপন কার্যক্রম সম্পর্কে সংক্ষেপে আলোচনা করবেন এবং ধন্যবাদ জ্ঞাপন করে অধিবেশন শেষ করবেন।

## সহায়ক তথ্য-১

### শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য
### বিষয়: শিল্পকলা

১. শিল্পকলা বিষয়ের চারটি অংশ (চারু ও কারুকলা, সংগীত, নৃত্যকলা ও নাট্যকলা) সংকলন করা হয়েছে।

২. ১ম ও ২য় শ্রেণির শিক্ষক সহায়িকাতে বিষয়বস্তু সংযোজন করা হয়েছে।

৩. শিক্ষক সহায়িকায় প্রতিটি অধ্যায়কে একাধিক পাঠে বিভাজন করা হয়েছে।

৪. প্রতিটি পাঠ শুরুর পূর্বে পাঠ সংশ্লিষ্ট বিষয়বস্তু, শিখনফল এবং শিখন-শেখানো কার্যাবলী দেয়া আছে।

৫. সহজলভ্য পাঠ সংশ্লিষ্ট উপকরণ উল্লেখ করা হয়েছে।

৬. শিখন-শেখানো কার্যক্রমকে অন্তর্ভুক্তিমূলক করার লক্ষ্যে শিক্ষার্থীর বয়স, সামর্থ্য, চাহিদা, মানসিক, ভাষাগত বৈচিত্র্য বিবেচনায় যথাসম্ভব শিক্ষার্থী কেন্দ্রিক পদ্ধতি ও কৌশল (যেমন, আন্তঃ বিষয়ক পদ্ধতি, সক্রিয়তা ভিত্তিক শিখন, অভিজ্ঞতাভিত্তিক শিখন ইত্যাদি) শিখন-শেখানো কার্যাবলীতে অনুসরণ করা হয়েছে।

৭. আনন্দময় পরিবেশে সম্পূর্ন স্বাধীনভাবে শিশুদেরকে পাঠদানের পরিবেশ সৃষ্টির সুযোগ শিক্ষক সহায়িকাতে রাখা হয়েছে।

৮. দুর্বল শিক্ষার্থীদের প্রতি বিশেষ ব্যবস্থা ও কৌশল গ্রহণের সুযোগ রাখা হয়েছে।

৯. পাঠে সংশ্লিষ্ট পদ্ধতি ও কৌশল সঠিকভাবে প্রয়োগের জন্য সময় বিভাজন করা হয়েছে।

১০. অনুসরণের ক্ষেত্রে শিক্ষক সহায়িকা নমনীয় রাখা হয়েছে। অর্থ্যাৎ, শিক্ষক প্রয়োজনে সময় বিভাজন, পদ্ধতি ও কৌশল, শিখন শেখানো কার্যাবলী প্রভৃতি পরিবর্তন করতে পারবেন।

**সহায়ক তথ্য-২**

**শিক্ষক সহায়িকা কাঠামো: শিল্পকলা**



## সহায়ক তথ্য-৩
## পাঠ পর্যবেক্ষণ ছক: শিল্পকলা

নির্দেশকগুলোর পাশে উল্লিখিত ঘরে কাজের মাত্রা অনুযায়ী টিক চিহ্ন দিন। প্রয়োজনে অতিরিক্ত কাগজের ব্যবহার করুন।

| ধাপ | ক্র নং | কাজ | মাত্রা (টিক (√) চিহ্ন দিন) | | |
|---|---|---|---|---|---|
| | | | হ্যাঁ | আংশিক | না |
| প্রস্তুতি ও পূর্বজ্ঞান যাচাই | ১ | শিক্ষক সহায়িকা অনুযায়ী পাঠ উপস্থাপনের জন্য প্রয়োজনীয় উপকরণ ও সহায়ক সামগ্রী আছে | | | |
| | ২ | শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করছেন | | | |
| | ৩ | পরিকল্পনা মাফিক শিখন-শেখানো কার্যাবলি পরিচালনার জন্য আসন ব্যবস্থাপনা নিশ্চিত করছেন | | | |
| | ৪ | আনন্দদায়ক কোনো কাজের মাধ্যমে শিখন উপযোগী সাবলীল পরিবেশ তৈরি করছেন | | | |
| | ৫ | পাঠ সংশ্লিষ্ট পূর্বজ্ঞান যাচাই ও পাঠের প্রতি মনোযোগ আকর্ষণের ছবি/ভিডিও চিত্র প্রদর্শন করছেন এবং সংশ্লিষ্ট প্রশ্ন করছেন | | | |
| | ৬ | প্রশ্নের উত্তর দানের জন্য প্রয়োজনীয় সময় দিচ্ছেন | | | |
| উপস্থাপন ও অনুশীলন | ৭ | পাঠের শিরোনাম ঘোষণা করে বোর্ডে লিখছেন | | | |
| | ৮ | পাঠ সংশ্লিষ্ট মূল প্রশ্ন উপস্থাপন করছেন এবং প্রশ্ন বোর্ডে লিখে শিক্ষার্থীদের বুঝতে সহায়তা করছেন | | | |
| | ৯ | চিন্তা করে প্রশ্নের উত্তর দানের জন্য শিক্ষার্থীদের প্রয়োজনীয় সময় দিচ্ছেন | | | |
| | ১০ | শিক্ষার্থীদের জোড়ায় কাজ করতে দিচ্ছেন | | | |
| | ১১ | প্রত্যেক জোড়ার কাজ শ্রেণির সকলের উদ্দেশ্যে বিনিময় করতে সহায়তা করছেন | | | |
| | ১২ | শিক্ষার্থীদের দলে কাজ করতে দিচ্ছেন | | | |
| | ১৩ | দলের কাজ মনিটরিং করছেন এবং প্রয়োজনীয় সহায়তা দিচ্ছেন | | | |
| | ১৪ | দলের কাজ শ্রেণির সকলের উদ্দেশ্যে বিনিময় করতে দিচ্ছেন | | | |
| | ১৫ | শিক্ষার্থীদের দলের/জোড়ার কাজের উপর মতবিনিময় করতে সহায়তা করছেন | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ১৬ | পরিকল্পিতভাবে বোর্ড ব্যবহার করছেন এবং শিক্ষার্থীদের বোর্ড ব্যবহারে সম্পৃক্ত করছেন | | | |
| পর্যবেক্ষণ ও মূল্যায়ন | ১৭ | শিক্ষার্থীদের প্রতিটি কাজ পর্যবেক্ষণ করছেন | | | |
| | ১৮ | প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়ন করছেন | | | |
| | ১৯ | মূল্যায়ন চেকলিষ্ট ব্যবহার করে শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট বিষয়জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ মূল্যায়ন করছেন | | | |
| | ২০ | শিক্ষার্থীদের পারগতার মাত্রা অনুযায়ী ফলাবর্তন প্রদান করছেন | | | |
| | ২১ | শিক্ষার্থীদের মূল্যায়ন করে তার রেকর্ড সংরক্ষণ করছেন | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সারসংক্ষেপকরণ | ২২ | পাঠ থেকে শিক্ষার্থীরা কী কী শিখেছে তা বলতে দিয়ে পাঠের সারসংক্ষেপ করছেন | | | |
| | ২৩ | পরবর্তী পাঠে কী শিখবে তার ঘোষণা দিয়ে পাঠ সমাপ্ত করছেন | | | |

পর্যবেক্ষকের নাম, পদবী

স্বাক্ষর ও তারিখ

## দিন-৩

## অধিবেশন -৩

## শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষাক্রম ও শিখন সামগ্রী পরিচিতি

## সময়: ৯০ মিনিট

**এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-**

- শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষার আবশ্যকীয় শিখনক্রম ব্যাখ্যা করতে পারবেন।
- শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষার পরিমার্জিত বিস্তৃত শিক্ষাক্রম ব্যাখ্যা করতে পারবেন ।
- শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য চিহ্নিত করতে পারবে।
- শিক্ষক সহায়িকার কাঠামো বলতে পারবেন।
- শিক্ষক সহায়িকায় বর্ণিত পাঠ অনুসরণ করে পাঠ প্রদর্শন করতে পারবেন।

**পদ্ধতি ও কৌশল:** প্রদর্শন, প্রশ্নোত্তর-আলোচনা, একক কাজ, জোড়ায় কাজ, দলগত কাজ, ভূমিকাভিনয়, Think-Pair-Share, প্রদর্শন পাঠ ও পর্যালোচনা ইত্যাদি।

**সহায়ক সামগ্রী:**শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষার পরিমার্জিত আবশ্যকীয় শিখনক্রম, বিস্তৃত শিক্ষাক্রম, শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষার শিক্ষক সহায়িকা, কর্মপত্র, পর্যবেক্ষণ চেকলিষ্ট, পোস্টার পেপার, মার্কার পেন, ডাস্টার, ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ইত্যাদি।

**অধিবেশনের কার্যাবলি:**

**কাজ-১: শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষার আবশ্যকীয় শিখনক্রমের পরিচিতি** **সময়: ১০ মিনিট**

- একটি আনন্দদায়ক কাজের মাধ্যমে অংশগ্রহণকারীগণের জড়তামুক্ত করে অধিবেশনের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি করবেন।
- অংশগ্রহণকারীদেরকে আবশ্যকীয় শিখনক্রম সম্পর্কে অনলাইন কোর্স হতে প্রাপ্ত ধারণা যাচাইয়ের জন্য নিম্নলিখিত প্রশ্ন করবেন-
  - আবশ্যকীয় শিক্ষাক্রম বলতে কী বুঝেন?
  - শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষারআবশ্যকীয় শিক্ষাক্রমে ১ম শ্রেণির জন্য কয়টি অর্জনোপযোগী যোগ্যতা নির্ধারিত রয়েছে?

- অংশগ্রহণকারীদের থেকে উত্তর পাওয়ার জন্য ৫-৭ সেকেন্ড অপেক্ষা করবেন। কয়েকজন অংশগ্রহণকারীদের উত্তর শুনবেন।
- আলোচনা ও প্রয়োজনীয় স্লাইড প্রদর্শনের মাধ্যমে আবশ্যকীয় শিখনক্রমের ধারণা স্পষ্ট করবেন।

**কাজ-২: শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষার বিস্তৃত শিক্ষাক্রমের পরিচিতি সময়: ১৫ মিনিট**

- অংশগ্রহণকারীদের অনলাইন কোর্স হতে শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষার বিস্তৃত শিক্ষাক্রমের প্রাপ্ত ধারণা যাচাইয়ের জন্য নিম্নলিখিত প্রশ্ন করবেন-
  - বিস্তৃত শিক্ষাক্রম বলতে কী বুঝেন?
  - শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষার বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্যসমূহ কী কী?
- অংশগ্রহণকারীদের থেকে উত্তর পাওয়ার জন্য ৫-৭ সেকেন্ড অপেক্ষা করবেন। কয়েকজন অংশগ্রহণকারীদের উত্তর শুনবেন।
- অংশগ্রহণকারীদের ৫টি দলে বিভক্ত করুন।
- প্রত্যেক দলে শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষার শিক্ষাক্রম, শিক্ষক সহায়িকা ও কর্মপত্র-৩ সরবরাহ করবেন।
- স্লাইডে কর্মপত্র-৩ প্রদর্শন করবেন।
- অংশগ্রহণকারীদেরকে বলবেন "বিস্তৃত শিক্ষাক্রম ছকের (ম্যাট্রিক্স) প্রথম কলামের শিরোনাম দিয়ে দেওয়া হয়েছে, প্রয়োজনমতো কলামের সংখ্যা বাড়িয়ে ছকের বাকি অংশপূরণ করবেন"।
- কাজটি করার জন্য সময় নিদ্দির্ষ্ট করে দিবেন এবং ঘুরে ঘুরে অংশগ্রহণকারীদের কাজ পর্যবেক্ষণ করবেন।
- পরিশেষে পূর্বে প্রস্তুতকৃত পূরণকৃত কর্মপত্র-৩ পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করবেন। প্রত্যেকটি তাদের কাজের সাথে মিলিয়ে দেখতে বলবেন ।
- সকলকে ধন্যবাদ জানিয়ে এ কাজটি সমাপ্ত করবেন।

**কাজ-৩: শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষার শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য চিহ্নিতকরণ সময়: ২০ মিনিট**

- প্রশিক্ষণার্থীদের ৫টি দলে ভাগ করবেন ।
- প্রত্যেক দলে শিক্ষক সহায়িকার কপিসহ পোস্টার, মার্কার সরবরাহ করবেন ।

- প্রত্যেক দলে বিতরণকৃত শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য কী কী তা পোস্টার পেপারে লিখতে বলবেন।
- দলগত কাজের সময় নিদ্দিষ্ট করবেন এবং নির্ধারিত সময়ে দলগত কাজ সমাপ্ত করার জন্য ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করবেন ।
- দলগত কাজ শেষ হলে তা উপস্থাপন করতে বলবেন।
- পরিশেষে তথ্যপত্র-৩ এর আলোকে পূর্বে প্রস্তুতকৃত শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষা সহায়িকার বৈশিষ্ট্য পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করবেন। প্রত্যেকটি দলকে তাদের কাজের সাথে মিলিয়ে দেখতে বলবেন ।

**কাজ-৪: শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষার শিক্ষক সহায়িকার কাঠামো বিশ্লেষণ সময়: ১৫ মিনিট**

- পূর্ববর্তী দল অনুযায়ী বসতে বলবেন ।
- বিতরণকৃত শিক্ষক সহায়িকার কাঠামো বিন্যাস সম্পর্কে দলে আলোচনা করে লিখতে বলবেন ।
- প্রতি দল থেকে একজনকে উপস্থাপন করতে বলবেন ।
- পরিশেষে তথ্যপত্র-৪ এর আলোকে পূর্বে প্রস্তুতকৃত কাঠামো বিন্যাস পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করবেন। প্রত্যেকটি দলকে তাদের কাজের সাথে মিলিয়ে দেখতে বলবেন ।

**কাজ- ৫: শিক্ষক সহায়িকায় বর্ণিত পাঠ অনুসরণ করে পাঠ প্রদর্শন সময়: ৩০ মিনিট**

- প্রথম দিনের অধিবেশনের নির্দেশনা অনুযায়ী অংশগ্রহণকারীগন পাঠ প্রদর্শনের জন্য প্রস্তুত হয়েছে কি না তা নিশ্চিত হউন ।
- শিক্ষক সহায়িকায় বর্ণিত পাঠ অনুসরণ করে পাঠ প্রদর্শন করতে বলবেন। প্রদর্শন পাঠটি ১৫ মিনিটের মধ্যে শেষ করতে বলবেন।
- প্রদর্শিত পাঠ পর্যালোচনার জন্য পূর্বেই পর্যবেক্ষণ চেকলিস্ট সকলকে সরবরাহ করবেন এবং কী করতে হবে তা বুঝিয়ে দেবেন।
- অংশগ্রহণকারীগনকে দুই দলে ভাগ হতে বলবেন। একদলকে শিক্ষার্থীর ভুমিকায় এবং অপর দলকে পর্যবেক্ষকের ভুমিকাভিনয় করতে বলবেন।
- পর্যবেক্ষকদের প্রদত্ত চেকলিষ্টের আলোকে পাঠ পর্যবেক্ষণ করতে বলবেন।

- পাঠ শেষে উন্মুক্ত আলোচনার মাধ্যমে অংশগ্রহণকারীগনের নিকট থেকে পাঠ সম্পর্কে তাদের মতামত / পর্যবেক্ষণ শুনুন।
- কাজের সারসংক্ষেপ করবেন এবং সমাপ্তি ঘোষণা করবেন।

**অধিবেশনের সারসংক্ষেপ**

- বিভিন্ন প্রশ্ন করার মাধ্যমে অধিবেশনের সারসংক্ষেপ করবেন এবং  সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে অধিবেশন সমাপ্ত করবেন।

কর্মপত্র-৩

| বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |

## সহায়ক তথ্য-২
## শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষার শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য

- সক্রিয় শিখনের বিভিন্ন কৌশল শিখন-শেখানো কার্যক্রমে ব্যবহার করা হয়েছে।
- নির্ধারিত অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফলের ভিত্তিতে প্রতিটি পাঠের শিক্ষা উপকরণ, পাঠের বিষয়বস্তু, শিখন-শেখানো কার্যাবলি, পরিকল্পিত কাজ, উপস্থাপন ও আলোচনা, ধারাবাহিক মূল্যায়নের নির্দেশনা ও মূল্যায়ন চেকলিস্ট সংযোজন করা হয়েছে।
- শিখন অগ্রগতির প্রতিবেদন সংযোজন করা হয়েছে।
- শিক্ষার্থীদের বিষয় সংশ্লিষ্ট শারীরিক ও মানসিক স্বাস্থ্য সংশ্লিষ্ট জ্ঞান অর্জনের পাশাপাশি পরস্পরের প্রতি শ্রদ্ধাবোধ, নৈতিক গুণাবলি অর্জন, সামাজিক দৃষ্টিভঙ্গি ও মানবিক মূল্যবোধ বিকাশের বিষয়গুলির প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে।
- অডিও-ভিজ্যুয়াল উপকরণ ব্যবহারের সুযোগ রাখা হয়েছে।
- প্রতি পাঠের শেষে পাঠসংশ্লিষ্ট রঙিন ছবি/চিত্র সংযোজন করা হয়েছে।
- প্রায় প্রতিটি পাঠের শেষে শিক্ষকদের জন্য বিশেষভাবে দ্রষ্টব্য একটি অংশ রয়েছে।
- .........

# সহায়ক তথ্য-৩
# শিক্ষক সহায়িকার কাঠামো

